ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




মুখোমুখি অতীত, বর্তমান ও ভবিষ্যতের সালমান খান

পৃঃ ৫



শাস্তি কমলো পগবার, নিষেধাজ্ঞা এখন ১৮ মাস

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৭৮ ● কলকাতা ● ২৯ আশ্বিন, ১৪৩১ ● বুধবার ● ১৬ অক্টোবর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## এবার রাজ্যের সব সিভিক ভলেন্টিয়ারদের চাকরি নিয়ে টানাটানি? বিরাট নির্দেশ দিয়ে দিল সুপ্রিম কোর্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফের সিভিক ভলেন্টিয়ার নিয়োগ নিয়ে সুপ্রিম কোর্টের প্রশ্নের মুখে রাজ্য সরকার। মঙ্গলবার আর জি কর হাসপাতালে কর্মরত তরুণী চিকিৎসক ধর্ষণ খুনের মামলার শুনানিতে ফের একবার সুপ্রিম কোর্টে উঠে এল সিভিক ভলেনিটয়ার প্রসঙ্গ।প্রধান বিচারপতির আরও বলেছিলেন, এভাবে চুক্তিভিত্তিক কর্মীদের নিয়োগ করলে, ডাক্তার, বিশেষত মহিলা ডাক্তাররা কীভাবে নিজেদের সুরক্ষিত মনে করবেন? বিচারপতি বলেন, "এই অপরাধ চুক্তিভিত্তিক কর্মী দ্বারা সংগঠিত হয়েছে। পুলিশ বারাক থাকা সত্ত্বেও হাসপাতালে ঢুকে পড়ে অভিযুক্ত। এই অবস্থায় ফের চুক্তিভিত্তিক কর্মী ৭ দিনের প্রশিক্ষণ দিয়ে নিয়োগ করা হচ্ছে?' আর এদিনও সেই সিভিক ভলেন্টিয়ার নিয়ে রাজ্যের ভূমিকায় প্রশ্ন তুলে দিল সুপ্রিম কোর্ট। যার জেরে নতুন করে অস্বস্তিতে রাজ্য সরকার।

সিনিয়র ডাক্তারদের আইনজীবী করুণা নন্দী সিভিকদের নিয়োগ নিয়ে প্রশ্ন তুললে রাজ্যকে একাধিক নির্দেশ দিল সর্বোচ্চ আদালত।

কলকাতা এবং রাজ্যে মোট কত সিভিক ভলান্টিয়ার রয়েছে? তাদের যোগ্যতা কী? কোন আইন তাদের নিয়োগ? কীভাবে নিয়োগ করা হয়? তাদের দৈনিক ও মাসিক বেতন কত? রাজ্যের কাছে জানতে চাইল সুপ্রিম কোর্ট। পরবর্তী শুনানিতে এই গোটা বিষয়

এরপর ৩ পাতায়

## একই দিনে উৎসব এবং প্রতিবাদের উদযাপন কলকাতায়



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা: নিউজ সারাদিন :** একই দিনে উৎসব এবং প্রতিবাদের উদযাপন। পুজো শেষে আজ, মঙ্গলবার শহরের প্রাণকেন্দ্র ধর্মতলার রেড রোডে রাজ্য সরকারের দুর্গাপুজো কার্নিভাল। প্রায় একই সময়ে আর জি কর কাণ্ডের প্রতিবাদে দ্রোহ কার্নিভালের ডাক দিয়েছে চিকিৎসক সংগঠনে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস। আর এই কর্মসূচি ঘিরে এলাকা উত্তপ্ত হওয়ার আশঙ্কা করছে কলকাতা পুলিশ।আর অশান্তি এড়াতে ধর্মতলার আশেপাশের এলাকায় জমায়েত নিষিদ্ধ করা হল। মঙ্গলবার সকালেই বিজ্ঞপ্তি জারি করে অন্তত ৭টি জায়গায় জমায়েতে 'না' বললেন পুলিশ কমিশনার মনোজ বর্মা। ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ ধারা জারি করা হল।

বাংলার দুর্গোৎসব ইউনেস্কোর 'কালচারাল হেরিটেজ' তকমা পাওয়ার পর থেকেই বিসর্জনে কার্নিভাল শুরু হয়েছে এখানে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মস্তিষ্কপ্রসূত এই কার্নিভাল। দশমীর কদিন পর রেড রোডে শহরের নামী পুজোগুলির প্রদর্শনীর মাধ্যমে গঙ্গায় ভাসান হয়। এই কার্নিভালে সরকারের তরফে আমন্ত্রিত থাকেন দেশি-বিদেশি অতিথিরা। তবে এবছর শহরে উৎসবের পরিবেশ খানিকটা ভিন্ন। পুজোর আগেই আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ-খুনের মতো ঘটনা ঘটে গিয়েছে। যা নিয়ে তোলপাড় গোটা দেশ। কলকাতার পরিস্থিতি আরও খানিকটা উত্তপ্ত। উৎসব বয়কটের পথে হেঁটেছেন অনেকে। জুনিয়র চিকিৎসকরা অনশন করছেন। পুজো কার্নিভালের দিন চিকিৎসকদের একাংশ প্রতিবাদ জারি রাখতে ডাক দিয়েছেন দ্রোহ কার্নিভালের। আবার জুনিয়র ডাক্তাররাও একই পথে আজ মানববন্ধন কর্মসূচি পালন করবেন।পুজো কার্নিভালের দিন এই দ্রোহ কার্নিভালের কর্মসূচি প্রত্যাহারের জন্য আবেদন জানিয়েছিলেন রাজ্যের মুখ্যসচিব। কিন্তু তাতে সাড়া দেওয়া দূর অস্ত, সোমবার মুখ্যসচিবের বৈঠকে গিয়ে চিকিৎসকদের সংগঠন তাঁকেই দ্রোহ কার্নিভালে আমন্ত্রণ জানিয়ে এসেছিলেন। এসবের জেরে কার্নিভালের সময় রেড রোডে অশান্তির আশঙ্কা করছে পুলিশ। আর সেই কারণে সাবধানতা অবলম্বনে ১৬৩ ধারা জারি করে জমায়েত নিষিদ্ধ করা হল।

## ১৩ নভেম্বর বাংলার ৬ টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন




**বেবি চক্রবর্ত্তী: কলকাতা: নিউজ সারাদিন :** ১৩ নভেম্বর বাংলার ৬ বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন। আজ সাংবাদিক বৈঠকে মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার জানান, আগামী ১৩ নভেম্বর এবং ২০ নভেম্বর দু'দফায় দেশের দুটি লোকসভা এবং ৪৮টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন হবে। এর মধ্যে ১৩ নভেম্বর যে যে কেন্দ্রে উপনির্বাচন হবে, তার মধ্যে বাংলার ৬টি কেন্দ্র রয়েছে।

বাংলার বিধানসভা কেন্দ্রগুলি হলো - উত্তর ২৪ পরগনা জেলার নৈহাটি এবং হাড়োয়া, পশ্চিম মেদিনীপুর জেলার মেদিনীপুর, বাঁকুড়া জেলার তালড্যাংরা, আলিপুরদুয়ার জেলার মাদারিহাট এবং কোচবিহার জেলার সিতাই। এদিন মহারাষ্ট্র এবং ঝাড়খণ্ডের বিধানসভা নির্বাচনের নির্ঘণ্টও ঘোষণা করে কমিশন। একদফায় বিধানসভা ভোট হতে চলেছে মহারাষ্ট্রে। মঙ্গলবার নির্বাচন কমিশন জানিয়েছে, ২০ নভেম্বর মহারাষ্ট্রে ভোট হবে। আর ঝাড়খণ্ডে ভোট হবে দু'দফায় - ১৩ নভেম্বর এবং ২০ নভেম্বর। দুই রাজ্যের ভোট গণনা ২৩ নভেম্বর। ২৮৮ আসনের মহারাষ্ট্র বিধানসভার মেয়াদ ২৬ নভেম্বর শেষ হবে। আর ৮১ আসন বিশিষ্ট ঝাড়খণ্ড বিধানসভার মেয়াদ শেষ হবে ২০২৫ সালে ৫ জানুয়ারি। নির্বাচন কমিশন আগস্টে হরিয়ানা ও জম্মু ও কাশ্মীরের নির্বাচন ঘোষণা করেছিল। সেই সময় মনে করা হয়েছিল, কমিশন মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনেরও নির্ঘণ্ট ঘোষণা করবে, কিন্তু তা হয়নি। এর আগে হরিয়ানা ও মহারাষ্ট্রে অন্তত তিনবার একসঙ্গে নির্বাচন হয়েছে। এই নিয়ে চারবার মহারাষ্ট্র এবং ঝাড়খণ্ডে একসঙ্গে ভোট হবে।


মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে চারটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি। এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১



আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)

(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন

সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪

ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা

ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org

এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪

ফর্মের মূল্য : ৫০.০০ টাকা

Girl's Hostel



Boy's Hostel



আবাসিক শিক্ষক চাই

বায়োলজি এমএসসি অনার্স ও একজন কম্পিউটার টিচার লাগবে

সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

- সরবেড়িয়া আন নূর মিশন — সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫
- নিউ বিশ্বাস জেরক্স — মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ মোঃ - ৯৬০৯০৮২৪১৬
- আদর্শ শিশু নিকেতন — ভাঙ্গনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০
- সাগরিকা লাইব্রেরী — বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭
- আরফান আলি বিশ্বাস — দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

# কার্নিভালের পর এবার
## বিজয়া সম্মিলনী পালনের ডাক কুণালের



**কলকাতা: নিউজ সারাদিন :** প্রতি বছরের মতো এ বছরও দুর্গাপুজোর কার্নিভাল আয়োজন করেছে রাজ্য সরকার। রেড রোডে প্রায় ৯০টি পুজো কমিটি সেই কার্নিভালে অংশ নিয়েছে। আর এবার তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে বিজয়া সম্মিলনীর ডাক দেওয়া হয়েছে। তৃণমূল নেতা কুণাল ঘোষ পুজোর পর সেই বিজয়া সম্মিলনী পালনের কথা বলেছেন।

এ দিন কুণাল একটি ভিডিয়ো বার্তা পোস্ট দেন। সেখান থেকে তিনি বলেন, “এই মরশুমের পরপরই মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বিজয়া সম্মলনীতে নেমে পড়বেন। নিবিড় জনসংযোগ করবেন। পাশাপাশি রাজ্য সরকারের ভাল কাজগুলি আর একবার জনগণকে মনে করিয়ে দেওয়া। কারও কোনও প্রস্তাব থাকলে তা গ্রহণ করে নেওয়া। বিরোধীরা যে কুৎসার চক্রান্ত করছে সেগুলিকে ব্যর্থ করতে জনসাধারণকে বাম জমনার অবস্থা ও বিজেপি যে রাজ্যে রয়েছে সেখানকার অবস্থা বিজয়া সম্মিলনীর মঞ্চ থেকে তুলে ধরবেন।”

উল্লেখ্য, এ দিন রেড রোডে যখন কার্নিভাল চলছে। অপরদিকে চিকিৎসকদের ডাকা 'দ্রোহ' কার্নিভালেও অংশ নিয়েছেন জনসাধারণ। প্রথমে যদিও পুলিশ ১৬৩ ধারা জারি করে কার্নিভাল রোখার চেষ্টা করে। পরে হাইকোর্টের নির্দেশে সেই ধারা বাতিল হয়। একদিকে যখন আনন্দে দুর্গাপুজোর কার্নিভাল চলছে। সেই সময় আবার দ্রোহের কার্নিভালের নজির দেখল গোটা বাংলা।

# কলকাতা হাইকোর্টের বিশেষ বেঞ্চ দ্রোহ কার্নিভালের অনুমতি দিল



**কলকাতা : নিউজ সারাদিন :** চিকিৎসকদের দ্রোহের কার্নিভালের অনুমতি দিল কলকাতা হাইকোর্ট। মঙ্গলবার কলকাতা হাইকোর্টের বিচারপতি রবি কৃষান কাপুর নির্দেশ দিয়েছেন দ্রোহের কার্নিভাল হবে। বিচারপতি জানান শান্তিপূর্ণ প্রতিবাদ করার অধিকার সবার রয়েছে। কলকাতা পুলিশের ১৬৩ ধারা জারির যে নির্দেশিকা রয়েছে তা অসামঞ্জস্যপূর্ণ। সেই জন্য তা খারিজ করে দেওয়া হল। তবে রেড রোড এবং রানী রাসমণি রোডের মাঝে ব্যারিকেড করে দেওয়া হবে।পুজো কার্নিভালের দিনেই প্রতিবাদী চিকিৎসকরা দ্রোহ কার্নিভালের ডাক দেওয়ায় ধর্মতলার আশেপাশের ৯ জায়গায় জমায়েতে নিষেধাজ্ঞা জারি করেছিল কলকাতা পুলিশ। তার বিরোধিতা করে চিকিৎসকদের সংগঠন কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলে হাইকোর্টের বিশেষ বেঞ্চ জরুরী ভিত্তিতে শুনানির পর সাফ জানিয়ে দেয় কলকাতা পুলিশের এই বিজ্ঞপ্তি অসামঞ্জস্যপূর্ণ। রানী রাসমণি এভিনিউতে দ্রোহ কার্নিভাল হতে কোন বাধা নেই। এই কার্নিভালে যারা যোগ দিতে চাইবেন পুলিশ তাঁদের আটকাতে পারবে না। রাজ্যের শীর্ষ আদালত এই নির্দেশ দেবার পর পুলিশের ব্যারিকেট এলাকা থেকে সরিয়ে নেওয়া হয়েছে। হাইকোর্টের এই নির্দেশ সামনে আসার পর সিনিয়র ও জুনিয়র চিকিৎসকদের মধ্যে উচ্ছ্বাস লক্ষ্য করা যায়। একদিকে রেড রোডে রাজ্য সরকারের দূর্গা পূজার কার্নিভাল অন্যদিকে ধর্মতলার রানী রাসমণি রোডে চিকিৎসকদের দ্রোহের কার্নিভাল এই জোড়া কার্নিভালের ফলে কার্যত উত্তেজনার পারদ ক্রমশ চড়তে শুরু করে। এর মধ্যেই সোমবার রাত থেকে ধর্মতলা সহ একাধিক রাস্তায় ভারতীয় নাগরিক সংহতির ১৬৩ ধারা জারি করা হয়।

এই নির্দেশিকাকে চ্যালেঞ্জ করে সকালেই কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন চিকিৎসকরা।, তাঁরা প্রধান বিচারপতিকে বিস্তারিত জানিয়ে ইমেইল করেন। রাতারাতি বিচারপতি রবি কিষান কাপুরের বিশেষ বেঞ্চ গঠন করা হয়। সেই মতো এদিন শুনানির শুরুতেই জোড়া কার্নিভালের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আদালতের প্রশ্নের মুখে পড়তে হয় কলকাতা পুলিশকে।

# ডুলুং নদীতে স্নান করতে গিয়ে
## জলে তলিয়ে গিয়ে মৃত্যু হল তরতাজা কিশোরের



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম : নিউজ সারাদিন :** ডুলুং নদীতে স্নান করতে নেমে নদীর জলে তলিয়ে গিয়ে এক কিশোরের মৃত্যু। ডুলুং নদীতে স্নান করতে নেমে তলিয়ে গিয়ে প্রাণ হারাল এক চোদ্দো বছরের তরতাজা কিশোর। মৃত কিশোরের নাম রাহুল মাইতি, তার বাড়ি ঝাড়গ্রাম জেলার সাঁকরাইল ব্লকের বনপুরা নয়াগা এলাকায়। মঙ্গলবার দুপুর নাগাদ ছোটো ভাই রাহুল ও দাদা বিশাল বনপুরা এলাকার ডলুং নদীতে স্নান করতে নামে এবং স্নান করতে নেমে জলের তলায় তলিয়ে যেতে থাকে দুজনেই ,দাদা বিশাল কোনোরকম চেষ্টা করে জলের ওপর উঠলেও সে চেষ্টা করেও বাঁচাতে পারেনি তার ভাইকে, ভাই রাহুল তলিয়ে যায় জলের তলায়। অবশেষে স্থানীয়রা ঘটনাস্থলে এসে দীর্ঘক্ষণ খোঁজার পরে উদ্ধার করে তাকে ভাঙাগড় গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন, স্থানীয় সূত্রে খবর ওই কিশোর বাইরে পড়াশোনা করত, পুজোর ছুটিতে বাড়ি তে আসে আর পূজো শেষ হতে না হতেই আর পড়াশোনার জন্য ফেরা হলো না! তবে ওই ঘটনাকে কেন্দ্র করে এলাকা জুড়ে শোকের ছায়া নেমে আসে। সাঁকরাইল থানার পুলিশ মৃত কিশোরের দেহ টি উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ ও হাসপাতালের মর্গে পাঠায়।

# নড়বড়ে ছিল কার্নিশ,
## একাদশীতে আতসবাজি দেখতে গিয়ে যে এমন মর্মান্তিক পরিণতি হবে, ভাবেনি কেউ




**পুরুলিয়া: নিউজ সারাদিন :** পুজোর পাঁচদিন জুড়ে ছিল উৎসবের আমেজ। নিয়ম মাফিক দশমীতে বিসর্জন হলেও এবার কোনও কোনও পুজোর উদ্যোক্তারা একাদশীতে বিসর্জনের সিদ্ধান্ত নেন। সেই একাদশীর দিন আতসবাজি ফাটানো দেখতে গিয়েই ঘটে গেল বিপদ। আতসবাজি দেখতে গিয়ে পুরুলিয়ায় মৃত্যু হল ২ জনের। আহত বেশ কয়েকজন।

পুরুলিয়ার জেলেপাড়া ধীবর সমিতির দুর্গা পুজো কমিটির পক্ষ থেকে আতসবাজির ফাটানোর অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেই দৃশ্য দেখতে প্রায় সাত থেকে আট হাজারের বেশি মানুষের ভিড় জমে যায় সেখানে। সেখানেই একটি বাড়ির ছাদে বেশ কিছু মানুষ উঠে পড়ে দেখার জন্য। পুরনো বাড়ি হওয়ায় নড়বড়ে ছিল কার্নিশ। আর তাতেই ঘটে গেল বিপত্তি।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, অতিরিক্ত মানুষের ভিড়েই ভেঙে পড়ে ওই অংশ। বাড়ির নীচে যাঁরা দাঁড়িয়েছিলেন, তাঁদের মাথার ওপর ভেঙে পড়ে কার্নিশ। আহতদের পুরুলিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তির জন্য নিয়ে যাওয়া হয়। ঘটনায় শোরগোল পড়ে যায় এলাকায়। ১৩ জনকে আহত অবস্থায় নিয়ে যাওয়া হয়। হাসপাতালে ২জনের মৃত্যু হয়েছে। মৃতদের নাম মোহন ধীবর ও সোনালি ধীবর। তাঁদের বাড়ি ঝাড়খণ্ডের ধানবাদ জেলার ঝাড়িয়া ৪ নম্বর মোড়ে। মৃতের সংখ্যা বাড়তে পারে বলে আশঙ্কা রয়েছে।

# হাতির হামলায় জখম এক বৃদ্ধ



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম : নিউজ সারাদিন :** নয়াগ্রামে জঙ্গলে ছাতু কুড়াতে গিয়ে হাতির হামলায় জখম এক বৃদ্ধ। হাতির হানায় গুরুত্বর জখম এক হলো এক বৃদ্ধ। মঙ্গলবার ঘটনাটি ঘটেছে ঝাড়গ্রাম জেলার নয়াগ্রাম ব্লকের জামশোল খাস জঙ্গল এলাকায়। খবর পেয়ে স্থানীয়রা ও বনদপতরের কর্মীরা আশঙ্কাজনক অবস্থায় ওই বৃদ্ধ কে উদ্ধার করে চিকিৎসার জন্য নিয়ে আসে নয়াগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে। বনদফতর সুত্রে জানা গেছে আহত ওই ব্যক্তির নাম মৃত্যুঞ্জয় নায়েক, তার বয়স আনুমানিক ৭৪ বছর। স্থানীয় সুত্রে জানা যায় যে মৃত্যুঞ্জয় নায়েক মঙ্গলবার সকালে স্থানীয় জঙ্গলে ছাতু কুড়োতে গিয়েছিলেন,সেই সময় পেছন থেকে একটি হাতি হামলা চালায়। যার ফলে তিনি হাতির হামলায় গুরুতর ভাবে জখম হয়। তার চিৎকার শুনে স্থানীয় বাসিন্দারা গিয়ে হাতিটিকে ওই এলাকা থেকে সরিয়ে তাকে উদ্ধার করে নয়াগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে এসে ভর্তি করা হয়েছে। ওই ঘটনাকে কেন্দ্র করে এলাকার বাসিন্দারা হাতির হামলার আশঙ্কায় যথেষ্ট আতঙ্কের মধ্যে রয়েছেন বলে গ্রামবাসীরা জানান। বন দফতরের পক্ষ থেকে ওই এলাকার গ্রামবাসীদের জঙ্গলের ভিতরে গিয়ে ছাতু কুড়াতে নিষেধ করা হয়েছে, জঙ্গল এলাকার রাস্তা দিয়ে যাতায়াত করতে নিষেধ করা হয়েছে , সেই সঙ্গে গ্রামবাসীদের সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে। নয়াগ্রাম ব্লকের বিভিন্ন জঙ্গলে বেশ কয়েকটি হাতি রয়েছে। তাই বন দফতরের পক্ষ থেকে বার বার নিষেধ করা সত্ত্বেও এক শ্রেণীর মানুষ জঙ্গলে ছাতু কুড়াতে যায়। যার ফলে হাতির হামলার মুখে পড়তে হয় জঙ্গলে ছাতু কুড়াতে যাওয়া মানুষদের।

# পুলিশ কর্মীদের সম্মানিত ও উৎসাহিত করা হয়




**কলকাতা: নিউজ সারাদিন :** কলকাতা ও হাওড়ার রাস্তাঘাটে দায়িত্বরত পুলিশ কর্মীদের ইন্টারন্যাশনাল হিউম্যান রাইটস কাউন্সিল কর্তৃক সম্মানিত ও উৎসাহিত করা হয়। কাউন্সিলের দক্ষিণ ২৪ পরগনা জেলা সভাপতি মুস্তাফিজ হাশমি জানান, আমরা যখন উৎসব উদযাপন করছি তখন পুলিশ কর্মীরা তাদের পরিবার থেকে দূরে আমাদের নিরাপত্তার দায়িত্ব পালন করছেন। গ্রীষ্ম হোক, শীত হোক, বৃষ্টি হোক বা রোদ, প্রতিটি ঋতু ও সময়ে তিনি আমাদের সঙ্গে থাকেন এবং ছুটির জন্য আকাঙ্ক্ষা করেন।আমরা তাদের উৎসাহিত করেছি। এ সময় মো. জহির প্রমুখ উপস্থিত ছিলেন।







১-ম পাতার পর

# এবার রাজ্যের সব সিভিক ভলেন্টিয়ারদের চাকরি নিয়ে টানাটানি? বিরাট নির্দেশ দিয়ে দিল সুপ্রিম কোর্ট

লিখিত হলফনামা দিয়ে জানানোর নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

এদিন আদালতে সিনিয়র চিকিৎসকদের আইনজীবীর প্রশ্ন, "যে সিভিক ভলেন্টিয়ার নিয়োগের বিরোধিতা আমরা করেছিলাম, তাদের নিয়োগ কার্যত দ্বিগুণ করে দিয়েছে রাজ্য সরকার। অথচ আগেই কলকাতা হাই কোর্ট এই নিয়োগ নিয়ে আপত্তি জানিয়েছিল।" এদিকে পালটা রাজ্যের আইনজীবী বলেন, দেশের সব হাসপাতালে একই নিয়ম মেনে নিয়োগ করা হয়। দিল্লিতে যে নিয়ম মেনে নিয়োগ হয় কলকাতাতেও একই জিনিস হয়।প্রসঙ্গত, আর জি কর হাসপাতালে তরুণী ডাক্তার ধর্ষণ-খুনের ঘটনায় এখনও পর্যন্ত মূল অভিযুক্ত হিসেবে যাকে চিহ্নিত করা হয়েছে, সেই ব্যক্তি কলকাতা পুলিশের এক সিভিক ভলেন্টিয়ার। এই বিষয়ে এদিন প্রধান বিচারপতি বললেন, অভিযুক্ত একজন সিভিক ভলান্টিয়ার। তাকে কিভাবে নিয়োগ করা হয়েছিল? উত্তরে আইনজীবী বলেন, রাজ্য সরকারের বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগ করা হয়েছিল যেই বিজ্ঞপ্তি নিয়ে কলকাতা হাই কোর্টে মামলা হয়েছে। অভিযুক্ত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায় গার্হস্থ্য হিংসায় অভিযুক্ত বলেও প্রধান বিচারপতিকে জানান আইনজীবী। সুপ্রিম নির্দেশ, হাসপাতাল-থানা এবং অপরাধস্থলে সিভিক ভলেন্টিয়ার মোতায়েন করা যাবে না। এই নির্দেশ পূরণ করতে রাজ্য সরকার ঠিক কী কী পদক্ষেপ করছে, সেই বিষয়েও জানাতে হবে।হএর আগের শুনানিতে আদালতে জুনিয়র ডাক্তারদের আইনজীবী ইন্দিরা জয়সিংহ হাসপাতালে চুক্তিভিত্তিক নিরাপত্তারক্ষী মোতায়েন কেন সেই বিষয়ে সওয়াল করেন।পাশাপাশি আর জি কর ঘটনায় মূল অভিযুক্ত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়ের কথাও কোর্টে তুলেছিলেন তিনি। চুক্তিভিত্তিক নিরাপত্তারক্ষী মোতায়েন থাকলে নিরাপত্তা কি বজায় থাকবে? কিকরে ডাক্তার সকল স্বাস্থ্যকর্মীরা সুরক্ষিত মনে করবেন নিজেদের, সেই নিয়ে সওয়াল করেন ইন্ডিয়া। চুক্তিভিত্তিক কর্মীর পরিবর্তে হাসপাতালে প্রশিক্ষিত পুলিশকর্মী নিয়োগের দাবিও জানিয়েছিলেন জুনিয়র ডাক্তারদের আইনজীবী। সাত দিনের ট্রেনিং দিয়ে কী ভাবে সিভিক ভলান্টিয়ারদের নিয়োগ করা হয় সেই প্রশ্নও উঠেছিল। সেই সময় প্রধান বিচারপতির মন্তব্য করেছিলেন, "ওই চুক্তিভিত্তিক কর্মীদের কী ভাবে গুরুত্বপূর্ণ জায়গায় নিরাপত্তার দায়িত্বে নিয়োগ করতে পারে রাজ্য সরকার? রাজ্যের এই বিষয়ে ভাবা উচিত।"

# কানাডা-ভারত উত্তেজনা ফের তুঙ্গে, পাল্টাপাল্টি কূটনীতিক বহিষ্কার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাল্টাপাল্টি কূটনীতিক বহিষ্কার খালিস্তানপন্থী ভারতীয় বংশোদ্ভূত কানাডীয় নাগরিক হরদীপ সিং নিজ্জার হত্যাকাণ্ড নিয়ে ফের উত্তপ্ত হয়ে উঠেছে ভারত-কানাডার সম্পর্ক। গত বছর খুন হওয়া বিচ্ছিন্নতাবাদী ওই শিখ নেতার হত্যার সঙ্গে ভারতের গোয়েন্দা সংস্থার সংশ্লিষ্টতা রয়েছে বলে জানিয়েছে কানাডার তদন্তকারী পুলিশ। এর পরপর কানাডিয়ান কূটনীতিকদের শনিবারের মধ্যে দিল্লি ছাড়ার নির্দেশ দিয়েছে ভারত। এর জবাবে কানাডাও ভারতীয় ছয় কূটনীতিককে দেশ ছাড়ার নির্দেশ দিয়েছে। এতে দুই দুটির সম্পর্কে ফের চিড় ধরতে শুরু করেছে। খবর এনডিটিভির।

কানাডার অভিযোগ, এক বছর আগে দেশটির শিখ নাগরিক হরদীপ সিং নিজ্জর খুনের ঘটনায় যে ভারতীয় এজেন্টরা জড়িত ছিল, তা এখন স্পষ্ট। তদন্তে বিষয়টি উঠে এসেছে। কানাডার প্রধানমন্ত্রী বলেছেন, ভারতের এই কাজ কোনোভাবেই মেনে নেওয়া যায় না। মূলত, প্রমাণ হাতে আসার পরেই ছয় ভারতীয় কূটনীতিককে দেশে ফেরানোর নির্দেশ দেয় কানাডার প্রশাসন।

জানা যায়, খালিস্তান তথা আলাদা শিখ রাষ্ট্রের জন্য আন্দোলন করছিলেন হরদীপ। তিনি কানাডার নাগরিক ছিলেন। গত বছর ভ্যানকুভারে তিনি খুন হন। প্রাথমিক তদন্তের পর তখনই কানাডা জানিয়েছিল, এই ঘটনার পেছনে ভারতীয় এজেন্টদের হাত আছে। রয়্যাল মাউন্টেড পুলিশের হাতে তখন তদন্তের দায়িত্ব দেওয়া হয়। সোমবার পুলিশ জানিয়েছে, ওই ঘটনায় এবং ওই ধরনের আরও বেশ কিছু ঘটনায় ভারতীয় এজেন্টদের জড়িত থাকার স্পষ্ট প্রমাণ মিলেছে।

ডয়চে ভেলে জানিয়েছে, একই দিন দেশটির প্রধানমন্ত্রী ট্রুডো বলেছেন, 'সার্বভৌম কানাডার মাটিতে হামলার ঘটনায় কূটনীতিক এবং এজেন্টদের ব্যবহার করে ভারত মস্ত বড় ভুল করেছে।'

তার কথায়, 'রয়্যাল মাউন্টেড পুলিশের তদন্তে স্পষ্ট ওই ঘটনায় ভারতীয় কূটনীতিক এবং এজেন্টরা যুক্ত ছিল।'

ট্রুডো জানিয়েছেন, কানাডার মাটিতে কানাডার নাগরিকদের সুরক্ষা দেওয়া তার প্রথম এবং প্রাথমিক কর্তব্য। দেশের আইন-শৃঙ্খলা রক্ষা করা তার কাজ। অন্য কোনো দেশ তার দেশে এসে হত্যার ঘটনা ঘটাবে, তা তিনি কোনোভাবেই বরদাশত করবেন না।

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কানাডার প্রধানমন্ত্রীর অভিযোগকে ভিত্তিহীন বলে উড়িয়ে দিয়েছেন। দেশটির পক্ষ থেকে বলা হয়েছে, ভারত বার বার তাদের কাছে তথ্যপ্রমাণ চেয়েছে। কিন্তু কানাডা এখনো পর্যন্ত তা দিতে পারেনি। রাজনৈতিক কারণে কানাডা এই মন্তব্য করছে বলেও অভিযোগ করেছে ভারত। কানাডার পদক্ষেপের পাল্টা জবাব হিসেবে ভারতও দেশটি থেকে কানাডার ছয় কূটনীতিককে শনিবারের মধ্যে দেশে ফিরে যাওয়ার নির্দেশ দিয়েছে।

এদিকে এক প্রতিবেদনে বলেছে, ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় কানাডার রাষ্ট্রদূতকে তলব করেছে এবং দিল্লি অটোয়ার এ অভিযোগের তীব্র প্রতিবাদ জানাবে।

# ৪০০ কোটি ডলারের বিনিময়ে ৩১টি এমকিউ ৯বি ড্রোন কিনল ভারত



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** দীর্ঘ আলোচনার পর অবশেষে ৩১টি শিকারি ড্রোন কিনল ভারত। গতবছরই ওয়াশিংটন ড্রোন চুক্তিতে সবুজ সংকেত দিয়েছিল। মঙ্গলবার এই প্রক্রিয়া সম্পন্ন হলেও তবে এই ড্রোন কবে ভারতে আসবে তা এখনো জানা যায়নি।

জানা গিয়েছে ৩৫০ কোটি ডলারের বিনিময়ে আমেরিকার সঙ্গে ঐতিহাসিক চুক্তিতে স্বাক্ষর করেছে ভারত। ৩১ টি এমকিউ ৯ রিপার ড্রোনের দাম ভারতীয় মুদ্রায় প্রায় ৩০ হাজার কোটি টাকা। ৩১ টি ড্রোনের মধ্যে ভারতীয় নৌবাহিনীকে ১৫ টি ড্রোন দেওয়া হবে। এছাড়াও ৮টি ড্রোন দেওয়া হবে বায়ু ও স্থল সেনা বাহিনীকে। নৌসেনা যেমন সি গার্ডিয়ান প্রজাতির ড্রোন ব্যবহার করবে তেমনি এই দুই বাহিনী ও স্কাই গার্ডিয়ান ড্রোন ব্যবহার করবে। ৫০ হাজারেরও বেশি ফুটের উচ্চতায় একটানা ২৭ ঘন্টা এই ড্রোন উড়তে পারবে। তাছাড়া ২১৫৫ কিলোগ্রাম ওজন বহনের ক্ষমতাও রয়েছে এই ড্রোনে।সীমান্তে চীন ও পাকিস্তানের আগ্রাসনের মোকাবিলা করার জন্য বেশ কয়েকদিন ধরেই ভারত মার্কিন ড্রোন কিনতে চেয়েছে। তাই গত বছর জুন মাসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, মার্কিন সফরে গিয়ে ৩১ টি ড্রোন কেনার প্রস্তাব দিয়েছিলেন। দীর্ঘ আলোচনার পর অবশেষে ৪০০ কোটি ডলারের বিনিময়ে ৩১টি এমকিউ ৯বি ড্রোন এনার চুক্তি দুই দেশের মধ্যে চূড়ান্ত হলো। তবে বলা বাহুল্য ভারতের হাতে এই ড্রোন আসার ফলে দেশের প্রতিরক্ষা বিভাগ আরো বেশি মজবুত হবে।

# ৯ বছর পর পাকিস্তানে ভারতের পররাষ্ট্রমন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৯ বছর পর পাকিস্তানে গেলেন ভারতের কোনো পররাষ্ট্রমন্ত্রী। মঙ্গলবার সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের (এসসিও) শীর্ষ সম্মেলনে যোগ দিতে পাকিস্তানে গিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। এর আগে ২০১৫ সালের ডিসেম্বরে তৎকালীন পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ পাকিস্তান গিয়েছিলেন। তারপর থেকে দুই দেশের মধ্যে সম্পর্কের উত্তেজনা ও অবনতির কারণে আর কোনো ভারতীয় পররাষ্ট্রমন্ত্রী পাকিস্তান যাননি। দীর্ঘদিন পর এবার এসসিও বৈঠকে যোগ দিতে পাকিস্তান গেলেন জয়শঙ্কর।

এর আগে গত বছর পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী বিলাওয়াল ভুট্টো সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশন (এসসিও) বৈঠকে যোগ দিতে ভারতে গিয়েছিলেন। প্রায় ১২ বছর পর ভারতে পা রেখেছিলেন পাকিস্তানের কোনো পররাষ্ট্রমন্ত্রী।

এদিকে, ভারত ও পাকিস্তান দিয়েছে, জয়শঙ্কর ইসলামাবাদে এসসিও বৈঠকে যোগ দিলেও কোনো দ্বিপাক্ষিক বৈঠক হবে না। বিলাওয়ালও যখন এসেছিলেন, তখনো কোনো দ্বিপাক্ষিক বৈঠক হয়নি। জয়শঙ্কর আগেই জানিয়েছেন, 'এসসিও বৈঠক হলো বহুপাক্ষিক ইভেন্ট। আমি ওখানে ভারত-পাকিস্তান সম্পর্ক নিয়ে আলোচনা করতে যাচ্ছি না। আমি সেখানে এসসিও সদস্য দেশের প্রতিনিধি হিসেবে যাচ্ছি। আমি একজন ভদ্র ও সুশীল মানুষ। আমি সেরকমই আচরণ করব।'

পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র জানিয়েছেন, 'ভারত বা পাকিস্তান কেউই দ্বিপাক্ষিক বৈঠকের জন্য কোনো অনুরোধ করেনি। তিনি জানিয়েছেন, পাকিস্তান প্রটোকল অনুযায়ী জয়শঙ্করকে অভ্যর্থনা জানাবে।'

এদিকে, এসসিও শীর্ষ বৈঠকের সময় যাতে কোনো ধরনের সহিংসতা বা অপ্রীতিকর ঘটনা না ঘটে, তার জন্য ইসলামাবাদ জুড়ে সেনা মোতায়েন করা হয়েছে। সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের দলের বহু সমর্থককে গ্রেফতার করা হয়েছে। ইমরানের দল পিটিআই আগে বিক্ষোভের পরিকল্পনার কথা জানিয়েছিল। কিন্তু পরে তারা জানিয়ে দেয়, এসসিও বৈঠক চলার সময় কোনো বিক্ষোভ দেখানো হবে না।

এসসিও শীর্ষবৈঠকে যোগ দেয়া নেতাদের নিরাপত্তা নিশ্চিত করতে পাকিস্তান সরকার তিন দিনের ছুটি ঘোষণা করেছে। স্কুল, কলেজ, ব্যবসায়িক প্রতিষ্ঠান সব বন্ধ থাকছে। সেনা ও আধা সামরিক বাহিনী রাস্তায় রাস্তায় টহল দিচ্ছে। পার্লামেন্ট, দূতাবাস, বৈঠকস্থল, বিদেশি অতিথিরা যেখানে আছেন, সেখানকার নিরাপত্তার দায়িত্ব সেনার হাতে তুলে দেয়া হয়েছে।

চীনের প্রধানমন্ত্রী লি কুইয়াং যখন ইসলামাবাদে পা দেন, তখন নিরাপত্তা লকডাউনের মধ্যে ছিল ইসলামাবাদ। ১১ বছর পর চীনের প্রধানমন্ত্রী আবার পাকিস্তানে গেলেন। এরপর চীনের প্রধানমন্ত্রী বেজিংয়ের অর্থে বানানো একটি বিমানবন্দরের উদ্বোধনও করেন।

ইসলামাবাদের এসসিও বৈঠকে চীনের প্রধানমন্ত্রী ছাড়াও বেলারুশ, কাজাখস্তান, রাশিয়া, তাজিকিস্তান, উজবেকিস্তানের প্রধানমন্ত্রী থাকবেন। কিরঘিজস্তানের মন্ত্রিসভার চেয়ারম্যান থাকবেন এবং ইরানের ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট বৈঠকে যোগ দেবেন। এছাড়া পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ ও ভারতের পররাষ্ট্রমন্ত্রী জয়শঙ্করও থাকবেন।

এছাড়া বিশেষ আমন্ত্রিত হিসেবে মঙ্গোলিয়ার প্রধানমন্ত্রী এবং তুর্কেমেনিস্তানের পররাষ্ট্রমন্ত্রী উপস্থিত থাকবেন।

আর্থিক, বাণিজ্যিক, পরিবেশগত এবং সামাজিক-সাংস্কৃতিক বিষয়ে সহযোগিতা নিয়ে বৈঠকে আলোচনা হবে। এই সংগঠন কী কাজ করেছে তাও খতিয়ে দেখা হচ্ছে।

এসসিও শীর্ষ বৈঠক উপলক্ষে শেহবাজ শরীফ নৈশভোজের আয়োজন করেছেন। জয়শঙ্কর সম্ভবত সেখানে থাকবেন।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৭৮ সংখ্যা ১৬ অক্টোবর, ২০২৪ বুধবার ২৯ আশ্বিন, ১৪৩১

## সম্পাদকীয়

# নতুন দিল্লিতে আইটিইউ ওয়ার্ল্ড টেলিকমিউনিকেশন স্ট্যান্ডার্ডাইজেশন অ্যাসেম্বলি ২০২৪-এর উদ্বোধন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লির ভারত মন্ডপমে ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন ওয়ার্ল্ড টেলিকমিউনিকেশন স্ট্যান্ডার্ডাইজেশন অ্যাসেম্বলি (ডব্লুটিএসএ) ২০২৪-এর উদ্বোধন করেন। এই অনুষ্ঠানে শ্রী মোদী ইন্ডিয়া মোবাইল কংগ্রেসের অষ্টম সংস্করণেরও সূচনা করেন। এই উপলক্ষে আয়োজিত এক প্রদর্শনীও ঘুরে দেখেন প্রধানমন্ত্রী। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী শ্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া, যোগাযোগ প্রতিমন্ত্রী শ্রী চন্দ্রশেখর পেম্মাসানি, আইটিইউ-এর সাধারণ সচিব শ্রীমতি ডোরিন বোগদান-মার্টিন, অন্যান্য মন্ত্রী ও বিদেশী রাষ্ট্রের বিশিষ্টজনেরা, শিল্প মহলের নেতৃবৃন্দ, টেলিকম বিশেষজ্ঞ, স্টার্টআপ জগতের তরুণ, ডব্লুটিএসএ এবং ইন্ডিয়া মোবাইল কংগ্রেস (আইএমসি)-এর ভদ্র মহোদয় ও ভদ্র মহোদয়াগণকে স্বাগত জানান প্রধানমন্ত্রী। শ্রী মোদী বলেন, টেলিকম এবং প্রযুক্তির সঙ্গে যুক্ত ক্ষেত্রগুলিতে ভারত এখন বিশ্বে অন্যতম চর্চিত দেশ। ভারতের সাফল্যের কথা তুলে ধরে তিনি বলেন, দেশে এখন মোবাইল ব্যবহারকারীর সংখ্যা ১২০ কোটি বা ১২০০ মিলিয়নে পৌঁছে গিয়েছে, ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ৯৫ কোটি বা ৯০০ মিলিয়নে পৌঁছেছে এবং বিশ্বের ৪০ শতাংশ ডিজিটাল লেনদেন হয় ভারতে। তিনি আরও বলেন, শেষ স্তর পর্যন্ত পরিষেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে ডিজিটাল সংযোগ কীভাবে কার্যকরী হাতিয়ার হয়ে উঠতে পারে, তা দেখিয়েছে ভারত। তিনি বলেন, আজকের এই অনুষ্ঠান আন্তর্জাতিক মান এবং পরিষেবাকে এক মঞ্চে নিয়ে এসেছে। প্রধানমন্ত্রী বলেন, সহমতের মাধ্যমে ডব্লুটিএসএ বিশ্বকে ক্ষমতায়ন করছে, অন্যদিকে যোগাযোগের মাধ্যমে বিশ্বকে শক্তিশালী করছে ইন্ডিয়া মোবাইল কংগ্রেস। তাই, এই অনুষ্ঠান সহমত এবং যোগাযোগের মেলবন্ধন ঘটিয়েছে বলে মন্তব্য করেন শ্রী মোদী। আজকের সংঘাতে ভরা দুনিয়ায় মেলবন্ধনের গুরুত্বের কথা তুলে ধরেন তিনি। জি-২০ শীর্ষ বৈঠকে ভারতের সভাপতিত্বের কথা উল্লেখ করেন প্রধানমন্ত্রী এবং 'এক বিশ্ব এক পরিবার এক ভবিষ্যৎ'-এর ওপর নির্ভরতার বার্তা দেন তিনি। শ্রী মোদী বলেন, প্রাচীনকালের সিল্ক রুট বা আজকের প্রযুক্তির পথ, যাই হোক না কেন, ভারতের একমাত্র লক্ষ্য হল, বিশ্বকে যুক্ত করা এবং অগ্রগতির নতুন দ্বার উন্মোচন করা। শ্রী মোদী বিস্ময় প্রকাশ করে বলেন, ২১ শতকে ভারতের মোবাইল এবং টেলি যোগাযোগ যাত্রা গোটা বিশ্বের কাছে চর্চার বিষয় হয়ে উঠেছে। তাঁর মতে, টেলি যোগাযোগ আজ গ্রাম ও শহর, ধনী ও গরিবের মধ্যে দূরত্ব ঘোচানোর সেতু হয়ে উঠেছে। সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে ভারতকে সামনের দিকে এগিয়ে যেতে হবে বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী। ডিজিটাল ইন্ডিয়ার চারটি স্তম্ভের কথা উল্লেখ করেন তিনি। এগুলি হল- কম দামের প্রযুক্তি, দেশের প্রতিটি প্রান্তে ডিজিটাল যোগাযোগ পৌঁছে দেওয়া, সহজলভ্য ডেটা এবং 'ডিজিটাল সর্বাগ্রে'র লক্ষ্য। যোগাযোগ এবং টেলিকম সংস্কারের ক্ষেত্রে ভারতের সাফল্যের কথা তুলে ধরার পাশাপাশি প্রত্যন্ত আদিবাসী, পার্বত্য এবং সীমান্ত এলাকায় হাজার হাজার মোবাইল টাওয়ার তৈরির কথা উল্লেখ করেন প্রধানমন্ত্রী। রেল স্টেশনের মতো সাধারণের ব্যবহৃত স্থানে দ্রুত ওয়াই-ফাই ব্যবস্থা চালু এবং আন্দামান নিকোবর ও লাক্ষাদ্বীপের মতো দ্বীপগুলিতে সমুদ্রের নীচে তার বসিয়ে যোগাযোগ গড়ে তোলা সহ পরিকাঠামো ক্ষেত্রে ভারতের উল্লেখযোগ্য অগ্রগতির কথা তুলে ধরেন শ্রী মোদী। তিনি আরও বলেন, "ভারত দ্রুততার সঙ্গে ৫-জি প্রযুক্তি আয়ত্ত করেছে এবং দু বছর আগে এই প্রযুক্তি চালু করা হয়েছে। আজ প্রায় প্রতিটি জেলাকে তা সংযুক্ত করেছে এবং ৫-জির দুনিয়ায় ভারত বিশ্বের দ্বিতীয় বৃহত্তম দেশ হয়ে উঠেছে।" শ্রী মোদী বলেন, "ভারতের লক্ষ্য হল, ডেটা খরচ কমানো। ভারতে এখন ইন্টারনেট ডেটার খরচ বিশ্বের অনেক দেশের তুলনায় প্রতি জিবি-তে ১২ শতাংশ কম এবং বিশ্বের অনেক দেশে ডেটার খরচ ভারতের তুলনায় প্রতি জিবি-তে ১০ থেকে ১২ গুণ বেশি।" জ্যাম ত্রয়ী অর্থাৎ জনধন, আধার এবং মোবাইলের রূপান্তরমূলক ক্ষমতার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এটি অসংখ্য উদ্ভাবনের ভিত্তি স্থাপন করেছে। আন্তর্জাতিকভাবে ভারতের ডিজিটাল পরিকাঠামো ভাগ করে নেওয়ার ক্ষেত্রে তাঁর ইচ্ছার কথাও উল্লেখ করেন শ্রী মোদী। মহিলা পরিচালিত বিকাশের লক্ষ্যে অত্যন্ত গুরুত্বের সঙ্গে তাঁর সরকারের কাজ করার প্রসঙ্গ টেনে প্রধানমন্ত্রী বলেন, ভারতের জি-২০ সভাপতিত্বকালে এই ব্যাপারে অঙ্গীকার করা হয়েছে। ভারতের মহাকাশ মিশনে মহিলা বিজ্ঞানীদের গুরুত্বপূর্ণ ভূমিকা, স্টার্টআপগুলিতে সহ-প্রতিষ্ঠাতা হিসেবে মহিলাদের সংখ্যা বৃদ্ধির কথা উল্লেখ করেন শ্রী মোদী। তিনি বলেন, "নমো ড্রোন দিদি কর্মসূচি কৃষিক্ষেত্রে ড্রোন বিপ্লব এনেছে। প্রতিটি বাড়িতে ডিজিটাল সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে ব্যাঙ্ক সখী কর্মসূচি চালু করা হয়েছে।" ভারতের প্রাথমিক স্বাস্থ্য মাতৃত্বকালীন ও শিশুদের পরিচর্যার ক্ষেত্রে আশা ও অঙ্গনওয়াড়ি কর্মীদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথাও উল্লেখ করেন শ্রী মোদী। মহিলা শিল্পোদ্যোগীদের জন্য অনলাইন বিপণন প্ল্যাটফর্ম মহিলা ই-হাট চালু করা হয়েছে। প্রধানমন্ত্রী আরও বলেন, আজকের ভারতে প্রতিটি গ্রামে মহিলারা এ ধরনের প্রযুক্তি নিয়ে কাজ করছেন, যা অকল্পনীয়। ডিজিটাল প্রযুক্তির ক্ষেত্রে একটি আন্তর্জাতিক কাঠামো গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপর জোর দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, জি-২০ সভাপতিত্বকালে ভারত এই বিষয়টি উত্থাপন করেছিল এবং আন্তর্জাতিক প্রশাসনিক ব্যবস্থার ক্ষেত্রে এর গুরুত্বকে স্বীকৃতি দেওয়ার আর্জি জানিয়েছিল। ডিজিটাল প্রতারণা সহ অন্যান্য বিপদের মোকাবিলায় সীমারেখাহীন ডিজিটাল প্রযুক্তিকে হাতিয়ার হিসেবে ব্যবহার করার ওপর গুরুত্ব দেন তিনি। সুরক্ষিত ডিজিটাল পরিমণ্ডল এবং টেলি যোগাযোগের নিরাপদ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে অতি সক্রিয় ভূমিকা পালন করার জন্য ডব্লুটিএসএ-এর কাছে আবেদন জানান প্রধানমন্ত্রী মোদী। বর্তমানে প্রযুক্তিগত বিপ্লবের যুগে মানব-কেন্দ্রিক মাত্রা যুক্ত করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন প্রধানমন্ত্রী। সেইসঙ্গে তিনি বলেন, আজ যে মান নির্ধারণ করা হবে, তা আগামীদিনের দিক নির্দেশ করবে। পাশাপাশি সুরক্ষা, মর্যাদা এবং ন্যায়নীতির ওপর জোর দেন শ্রী মোদী। তিনি বলেন, "আমাদের লক্ষ্য হওয়া উচিত, কোনও দেশ, কোনও অঞ্চল এবং কোনও সম্প্রদায় যেন এই ডিজিটাল পরিবর্তনের সুযোগ থেকে পিছিয়ে না থাকে।" অনুষ্ঠানে কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া, যোগাযোগ প্রতিমন্ত্রী শ্রী চন্দ্রশেখর পেম্মাসানি সহ শিল্পমহলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

# অসীম শক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(তৃতীয় পর্ব)



ভদ্রলোক স্বামীজীর কাছে এসে বসলেন। স্বামীজী তার দিকে বিশেষ নজর না দিয়ে দেশের ও দেশের মানুষের কথা ভাবছিলেন। তার তখন প্রচন্ড খিদেও পেয়েছিল। যাইহোক, লোকটি কিছুক্ষণ বসে থাকার পর হঠাৎ স্বামীজীকে বললেন - এ জীবন কেন বেছে নিলেন ? আপনার বয়স এখন খুব কম। আপনি এই বয়সে কর্ম ত্যাগ করে এই গেরুয়া বসন পরে ঘুরে বেড়াচ্ছেন।আলস্য জীবন যাপন করে কি লাভ ? খেটে খেতে শিখুন, এতেই সব আনন্দ।পরের দয়ায় পেট চালিয়ে লাভ কি ? স্বামীজী ভদ্রলোকের সব কথা শুনলেন। কিন্তু কোনো রকম প্রতিক্রিয়া না করে শুধু বললেন - আমি ঈশ্বরে বিশ্বাসী, তিনি যা করান আমি তাই করি। খানিকক্ষণ বাদে একটি ষ্টেশন এলো, স্বামীজী এবং সেই ভদ্রলোক দুজনেই সেখানে নামলেন। ভদ্রলোকটি স্বামীজীকে জিগ্গেস করলেন- সঙ্গে কোনো খাবার আছে কিনা ? থাকলে সেটা খেয়ে নিন। স্বামীজী বললেন - আমার সঙ্গে কোনো খাবার নেই। ভদ্রলোকটি বললেন - এটাই তো স্বাভাবিক। কর্ম না করলে অর্থ আসে না।আর অর্থ না থাকলে খাবারও আসে না। তাই দেখুন আপনার কাছে খাবার নেই আর আমি দিব্যি এখন খাবো। এই বলে ভদ্রলোকটি সঙ্গে থাকা খাবার খেতে আরাম্ভ করলেন। স্বামীজী শুধু লোকটিকে বললেন - আমি ঈশ্বরের কৃপায় থাকি, তিনি যা করান আমি তাই করি। এই বলে স্বামীজী কাছেই একটি গাছের তলায় গিয়ে বসলেন। লোকটি খাবার খেতে খেতে স্বামীজীকে লক্ষ্য করতে লাগলেন। কিছুটা রাগান্বিত ভাবেই দেখতে লাগলেন। এবং মনে মনে ভাবতে লাগলেন- ঈশ্বর ঠিকই করেছেন, এই বয়সে কর্ম ত্যাগ করলে এই ভাবে অনাহারে থাকতে হয়।ঐদিকে স্বামীজী প্রচন্ড খিদে নিয়ে চুপ করে গাছের তলায় বসে আছেন।এমন সময় এক ভদ্রলোক স্বামীজীর সামনে এসে দাঁড়ালেন। সঙ্গে তার প্রচুর খাবার। তিনি স্বামীজীকে জিগ্গেস করলেন - আপনিই কি স্বামী বিবেকানন্দ ? স্বামীজী বললেন - হ্যাঁ। লোকটি করোজোড়ে নতজানু হয়ে স্বামীজীকে বললেন - গতকাল রাত্রে

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# মহারাষ্ট্র ও ঝাড়খণ্ডে বিধানসভা নির্বাচনের তফসিল ঘোষণা

# গণনা আগামী ২৩ নভেম্বর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মহারাষ্ট্র এবং ঝাড়খণ্ড রাজ্যে বিধানসভা নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। মঙ্গলবার বিকেলে দিল্লির বিজ্ঞান ভবনে সংবাদ সম্মেলন করে নির্বাচনের তফসিল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার রাজীব কুমার।





মহারাষ্ট্রে ২৮৮টি বিধানসভার আসনের জন্য ভোট নেওয়া হবে আগামী ২০ নভেম্বর। গণনা আগামী ২৩ নভেম্বর। এই রাজ্যটিতে মোট ভোটারের সংখ্যা ৯ কোটি ৬৩ লাখ। এর মধ্যে পুরুষ ভোটার ৪.৯৭ কোটি, নারী ভোটার ৪.৬৬ কোটি। ভোট প্রদানের জন্য ১ লাখ ১৮৬টি ভোটগ্রহণ কেন্দ্র খোলা হবে।

অন্যদিকে, ঝাড়খণ্ডে ৮১টি বিধানসভা আসনের জন্য ভোট নেওয়া হবে দুটি দফায়। প্রথম দফায় ১৩ নভেম্বর এবং দ্বিতীয় দফায় ২০ নভেম্বর। গণনা আগামী ২৩ নভেম্বর। ঝাড়খণ্ডে মোট ভোটারের সংখ্যা ২ কোটি ৬০ লাখ। এর মধ্যে পুরুষ ভোটারের সংখ্যা ১ কোটি ৩১ লাখ এবং নারী ভোটার ১ কোটি ২৯ লাখ, প্রথম ভোটারের সংখ্যা ১১ লাখ ৮৪ হাজার।

২৮৮ সদস্য সংখ্যা বিশিষ্ট মহারাষ্ট্র বিধানসভার মেয়াদ শেষ হচ্ছে চলতি বছরের ২৬ নভেম্বর। বর্তমানে এ রাজ্যটিতে ক্ষমতায় রয়েছে একনাথ শিন্ডের নেতৃত্বাধীন মহাযুতি জোট সরকার। এই জোটের অন্য শরিক দলগুলো হলো বিজেপি এবং ন্যাশনালিস্ট কংগ্রেস পার্টি (এনসিপি, অজিত পাওয়ার গোষ্ঠী)।

অন্যদিকে 'মহা বিকাশ আঘারী' (এমভিএ) নামক বিরোধী দলের জোটে রয়েছে কংগ্রেস, শিবসেনা (উদ্ধব ঠাকরে গোষ্ঠী) এবং ন্যাশনালিস্ট কংগ্রেস পার্টি (এমসিপি, শারদ পাওয়ার গোষ্ঠী)। আসন্ন নির্বাচনে বিরোধী দলের জোটও ক্ষমতায় ফেরার প্রত্যাশায় রয়েছে।

গত ২০১৯ সালে জোট গঠন করে বিধানসভা নির্বাচনে লড়াই করেছিল বিজেপি এবং অবিভক্ত শিবসেনা। ওই নির্বাচনে ১০৫ আসনে জয় পেয়েছিল বিজেপি, ৫৬ আসনে জয় পেয়েছিল শিবসেনা, কংগ্রেস ৪৪ এবং ন্যাশনালিস্ট কংগ্রেস পার্টি (এনসিপি) ৫৬ আসনের জয় পেয়েছিল।

অন্যদিকে, ৮১ আসনের ঝাড়খণ্ড বিধানসভার মেয়াদ শেষ হচ্ছে আগামী বছরের ৫ জানুয়ারি। এই রাজ্যে ক্ষমতায় রয়েছে 'ঝাড়খণ্ড মুক্তি মোর্চা' (জেএমএম) নেতৃত্বাধীন জোট সরকার। এবারেও তারা দ্বিতীয়বারের জন্য ক্ষমতায় ফেরার লক্ষ্য নিয়ে নির্বাচনি ময়দানে নামবে।

সোমবারই রাজ্যটির মুখ্যমন্ত্রী এবং জেএমএম নেতা হেমন্ত সোরেন জানিয়েছেন, রাজ্যের ৮১টি আসনেই জোটের প্রার্থীরা প্রতিদ্বন্দ্বিতা করবে। আসন্ন নির্বাচনে নিজের দলের প্রস্তুতি নিয়ে সন্তোষ প্রকাশ করার পাশাপাশি জোট দ্বিতীয়বারের জন্য রাজ্যটিতে ক্ষমতায় আসবে বলেও প্রত্যাশা ব্যক্ত করেছেন।

যদিও উপজাতি অধ্যুষিত এই রাজ্যটিতে ক্ষমতায় ফিরতে মরিয়া বিজেপি নেতৃত্বাধীন জাতীয় গণতান্ত্রিক জোট (এনডিএ)। এনডিএ জোটের অন্য শরিক দলগুলো হলো জনতা দল ইউনাইটেড (জেডিইউ), অল ঝাড়খণ্ড স্টুডেন্টস ইউনিয়ন (এজেএসইউ)।

২০১৯ সালের বিধানসভা নির্বাচনে জেএমএম পেয়েছিল ৩০টি আসন, কংগ্রেস পেয়েছিল ১৬টি আসন, বিজেপি পেয়েছিল ২৫টি আসন এবং ১০ আসনে জয় পেয়েছিল অন্যরা। কংগ্রেসের সমর্থন নিয়ে মুখ্যমন্ত্রী পদে শপথ গ্রহণ করেছিলেন জেএমএম নেতা হেমন্ত সোরেন।

মহারাষ্ট্র ও ঝাড়খণ্ড রাজ্যে বিধানসভা নির্বাচনের পাশাপাশি দেশজুড়ে দুটি লোকসভা কেন্দ্র ও ৪৮টি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের তফসিল প্রকাশ করে কমিশন। যার মধ্যে অন্যতম কেরেলার ওয়ানাড লোকসভা কেন্দ্র। একটি লোকসভা এবং ৪৭টি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচন হবে ১৩ নভেম্বর। বাকি একটি লোকসভা এবং একটি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচন হবে ২০ নভেম্বর। ভোট গণনা ২৩ নভেম্বর।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

মানুষের মনের ভয় রাখার কোনো জায়গা নেই, মানুষের সবকিছু রাখার জায়গা যেমন রয়েছে। ভয় কোথায় রাখবে সেটাও কিন্তু মানুষ আজও খুঁজে পায়নি। ভয় ভীতির মধ্যে লুকিয়ে রয়েছে ঈশ্বরের প্রতি অনুভূতি ও ভক্তর নিষ্ঠাবান শক্তি পাঠ। মানুষের আত্মার একটি দুর্বলতা শক্তি সর্বদাই কাজ করে,সেই আত্মাকে জাগ্রত করতে গেলে মন্ত্র তন্ত্র ও শক্তিকে আরধনা করতে হয়। তখন সে নিষ্ঠাবান শক্তিশালী সাধক হিসেবে ঘোষিত হয়। **ক্রমশঃ**

# ইন্ডিয়া মোবাইল কংগ্রেস ২০২৪-এ ১২০টির বেশি দেশের ৪০০র বেশি প্রদর্শনকারী এবং ৯০০ স্টার্টআপ সংস্থা যোগ দেবে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৫ই অক্টোবর সকাল ১০ টায় নতুনদিল্লির ভারত মণ্ডপমে ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন - ওয়ার্ল্ড টেলিকমিউনিকেশন স্ট্যান্ডার্ডাইজেশন অ্যাসেম্বলি (আইটিইউ - ডব্লুটিএসএ) ২০২৪-এর উদ্বোধন করবেন। ওই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী অষ্টম ইন্ডিয়া মোবাইল কংগ্রেসও উদ্বোধন করবেন।

রাষ্ট্রসংঘের ডিজিট্যাল প্রযুক্তি সংক্রান্ত সংস্থা ইউনাইটেড নেশনস এজেন্সি ফর ডিজিটাল টেকনোলজিস-এর ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন আইটিইউ -এর কাজের গুণমান নির্ধারণের জন্য প্রশাসনিক পর্যায়ের সম্মেলন হল ডব্লুটিএসএ। এই সম্মেলন, প্রতি চার বছর পর পর আয়োজিত হয়। প্রথমবারের মতো আইটিইউ ডব্লুটিএসএ ভারত ও এশিয়-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে অনুষ্ঠিত হবে। ১৯০ টিরও বেশি দেশের টেলিকম, ডিজিট্যাল প্রযুক্তি এবং তথ্য যোগাযোগ প্রযুক্তি নিয়ে কাজ করে এ ধরনের ৩০০০জন শিল্পজগতের প্রথম সারির নেতৃবৃন্দ, নীতি-নির্ধারক এবং প্রযুক্তি বিশেষজ্ঞরা এই সম্মেলনে যোগ দেবেন। সিক্স জি, কৃত্রিম মেধা, আইওটি, বিগ ডেটা, সাইবার নিরাপত্তা ইত্যাদির মতো অত্যাধুনিক গুরুত্বপূর্ণ প্রযুক্তির মান নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত নেওয়ার মঞ্চ হয়ে উঠবে ডব্লুটিএসএ। এই সম্মেলন অনুষ্ঠিত হবার ফলে আন্তর্জাতিক স্তরে টেলিযোগাযোগ সংক্রান্ত এজেন্ডা নির্ধারণে এবং ভবিষ্যৎ প্রযুক্তির নীতি নির্ধারণে ভারত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারবে। ভারতীয় স্টার্টআপ এবং গবেষণা প্রতিষ্ঠানগুলি এর ফলে বৌদ্ধিক সম্পত্তির স্বত্বাধিকার এবং প্রয়োজনীয় পেটেন্ট তৈরির ক্ষেত্রে তাঁদের মতামত জানাতে পারবে। ভারতের উদ্ভাবনী ব্যবস্থাপনা ইন্ডিয়া মোবাইল কংগ্রেস ২০২৪-এ প্রদর্শিত হবে। এখানে প্রথম সারির টেলিকম সংস্থা এবং উদ্ভাবকরা কোয়ান্টাম প্রযুক্তি এবং বৃত্তীয় অর্থনীতির অগ্রগতি তুলে ধরবে। এছাড়াও সিক্স জি, ফাইভজি প্রয়োগ সংক্রান্ত আলোচনা, ক্লাউড অ্যান্ড এজ কম্পিউটিং, আইওটি, সেমিকন্ডাক্টর, সাইবার নিরাপত্তা, কৃত্রিম উপগ্রহ সংক্রান্ত যোগাযোগ ব্যবস্থা, পরিবেশ বান্ধব প্রযুক্তি এবং বৈদ্যুতিন সামগ্রী সংক্রান্ত উতপাদন নিয়েও আলোচনা হবে। এশিয়া মহাদেশের বৃহত্তম ডিজিট্যাল প্রযুক্তির ফোরাম হল ইন্ডিয়া মোবাইল কংগ্রেস। আন্তর্জাতিক ক্ষেত্রে টেলিযোগাযোগ ব্যবস্থাপনা ও প্রযুক্তির ক্ষেত্রে উদ্ভাবনী সমাধান, পরিষেবা, শিল্প সংস্থা, সরকার, শিক্ষাজগত, নতুন উদ্যোগ অর্থাৎ স্টার্ট আপ সংস্থাগুলির অত্যাধুনিক প্রযুক্তি প্রদর্শনের যা এক পরিচিত মঞ্চ। ইন্ডিয়া মোবাইল কংগ্রেস ২০২৪-এ ১২০টির বেশি দেশের ৪০০র বেশি প্রদর্শনকারী এবং ৯০০ স্টার্টআপ সংস্থা যোগ দেবে। এই অনুষ্ঠানে ৯০০-র বেশি প্রযুক্তির প্রয়োগ দেখানো হবে। এখানে দেশ বিদেশের ৬০০-র বেশি বিশেষজ্ঞ ১০০-র বেশি অধিবেশনে যোগ দেবেন।

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

# সত্যিই কি বিচ্ছেদ হতে বসেছিল জেনেলিয়া-রীতেশের?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের অন্যতম জনপ্রিয় তারকা দম্পতি জেনেলিয়া ডিসুজা ও রীতেশ দেশমুখ। যাদের দেখে অন্যান্য সেলিব্রিটিরাও অনুপ্রাণিত হন। তবে শোনা যায় একবার তাদের ব্রেকআপও হয়ে গিয়েছিল। তারা প্রথম ছবি একসঙ্গে করেছিলেন এবং তার কিছুদিন পরেই প্রেম শুরু হয়। বেশ কয়েক বছর ডেটিং-এর পর বিয়ে হয় তাদের। বিয়ের ১২ বছর পর, জেনেলিয়া ডিসুজা তার স্বামী সম্পর্কে একটি চমকপ্রদ তথ্য প্রকাশ্যে নিয়ে এসেছেন।

জেনেলিয়ার কথায়, তাদের ডেটিং চলাকালীন সময় তিনি প্রতিদিনই একটি নির্দিষ্ট সময়ে ঘুমাতে যেতেন এবং রীতেশ গভীর রাতে ঘুমাতেন। একদিন রাত একটার দিকে রীতেশ তাকে মেসেজ করে বলেন, 'আমাদের সম্পর্ক এখানেই শেষ।' মেসেজটি লেখার পরেই ঘুমিয়ে পড়েন অভিনেতা। রাত আড়াইটার সময় জেনেলিয়া মেসেজটি পড়েন এবং ভাবতে থাকেন হঠাৎ কী এমন হল? কেন এমনটা করা হলো? সকাল ৯টার সময় এসব ভাবতেই মন খারাপ হয়ে যায় অভিনেত্রীর। তবে রীতেশ ঘুম থেকে উঠে সবটা ভুলে যান।

ঘুম থেকে ওঠার পর অভিনেতা জেনেলিয়াকে জিজ্ঞেস করেন, 'আরে, কী খবর?' জেনেলিয়া একথা শুনে আরও অবাক হয়ে যান। তিনি রীতেশকে বলেন, 'আমার মনে হয় না আমাদের এখন কথা বলা উচিত এবং আমি তোমার সঙ্গে কথা বলতেও চাই না।' জেনেলিয়ার কথা শুনে রীতেশ আবারও তাকে জিজ্ঞেস করেন, 'কী এমন হয়েছে তার?'

রীতেশের কথা শুনে রেগে জেনেলিয়া বলেন, 'তুমি এমন করছো যেন কিছুই হয়নি? কিছুই জানো না তুমি।' অভিনেত্রী তাকে মেসেজের কথা মনে করাতেই আকাশ থেকে পড়েন রীতেশ। এরপর জেনেলিয়াকে রীতেশ যা বললেন, তা শুনলে সকলেই অবাক হবে। রীতেশ নাকি এভাবে এপ্রিল ফুল করতে চেয়েছিলেন জেনেলিয়াকে। যা শুনে রীতিমতো রাগে ফেটে পড়েন অভিনেত্রী।

# আট দিনে জুনিয়র এনটিআর-জাহ্নবীর সিনেমার আয় ৪৬৩ কোটি টাকা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** জুনিয়র এনটিআর, ভারতের দক্ষিণী সিনেমার জনপ্রিয় চিত্রনায়ক। দীর্ঘ ৮ বছর পর তাকে নিয়ে 'দেবারা' সিনেমা নির্মাণ করেছেন কোরাতলা শিবা। এতে জুনিয়র এনটিআরের বিপরীতে অভিনয় করেছেন বলিউড অভিনেত্রী শ্রীদেবী কন্যা জাহ্নবী কাপুর।

গত ২৭ সেপ্টেম্বর বিশ্বের ৭ হাজার ২৫০টি প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে 'দেবারা'। মুক্তির আগে থেকেই ঢের আলোচনায় ছিল সিনেমাটি। মুক্তির পর বক্স অফিসেও দারুণ সাড়া ফেলেছে। যদিও বক্স অফিসে আয়ের গ্রাফ ওঠানামা করছে।

স্যাকনিল্কের তথ্যানুসারে, 'দেবারা' সিনেমা মুক্তির আট দিনে শুধু ভারতে আয় করেছে ২৫৫.১৫ কোটি রুপি (গ্রস), বিদেশে আয় করেছে ৬৯.১ কোটি রুপি। বিশ্বব্যাপী সিনেমাটির মোট আয় দাঁড়িয়েছে ৩২৪.২৫ কোটি রুপি। বাংলাদেশি মুদ্রায় ৪৬৩ কোটি টাকারও বেশি।

'দেবারা' সিনেমা নির্মাণে মোটা অঙ্কের অর্থ ব্যয় করেছেন নির্মাতারা। সিনেমাটির ভিএফএক্সের জন্য অনেক ব্যয় হয়েছে। এর আগে নিউজ১৮ জানিয়েছিল, 'দেবারা' সিনেমার ভিএফএক্স-এর জন্য ১৪০ কোটি টাকা ব্যয় করা হবে। বিশাল বাজেটের ৩৩ শতাংশ এ বাবদ ব্যয় করছেন নির্মাতারা।

বলি মুভি রিভিউজের তথ্যানুসারে, 'দেবারা' নির্মাণে ব্যয় হয়েছে ৩০০ কোটি টাকা। মুক্তির আগেই সিনেমাটি আয় করেছে ১৮৪ কোটি রুপি।

এ সিনেমার মাধ্যমে তেলেগু ফিল্ম ইন্ডাস্ট্রিতে অভিষেক হলো জাহ্নবী কাপুরের। এছাড়াও সিনেমাটির গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করেছেন বলিউড অভিনেতা সাইফ আলী খান।

# মুখোমুখি অতীত, বর্তমান ও ভবিষ্যতের সালমান খান



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অভিনয় জীবনে অনেকটা পথ পেরিয়ে এসেছেন বলিউড তারকা সালমান খান। তবে ক্যারিয়ারের শুরু থেকে তার জীবন নিয়ে কম চর্চা হয়নি। আজও সালমান খানের ব্যক্তিগত জীবন নিয়ে অনুরাগীদের কৌতূহল কম নয়। কিন্তু হঠাৎ যদি আজ নিজের অতীতের সামনে দাঁড়ান সালমান? আজ থেকে ২০-২৫ বছর আগের সালমানের সঙ্গে দেখা হলে তিনি কী পরামর্শ দেবেন? 'বিগবস ১৮'র প্রোমোতে সেই মুহূর্তেরই ঝলক উঠে এল। সেই ভিডিও এখন সোশ্যাল মিডিয়ায় ভাইরাল।

ভিডিওতে দেখা যাচ্ছে, বর্তমানের সালমানের সামনে দাঁড়িয়ে অতীত ও ভবিষ্যতের সালমান। অতীত ও ভবিষ্যতের সালমানকে তৈরি করা হয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে। অতীতের তরুণ সালমান প্রশ্ন করেন, "এখানে কোন স্বীকারোক্তি দিতে এসেছ? কী এমন কাণ্ড ঘটিয়েছ?"

সেই প্রশ্নের উত্তরে বর্তমানের সালমান বলেন, "আরে দাঁড়া ভাই! আমি কোনও কাণ্ড ঘটাইনি। তুইও অতীতে কিছুই করিসনি। আমি জানতাম না, নিজের অতীত দেখে এত বিরক্ত বোধ করব।"

এর পরে বৃদ্ধ বয়সের সালমান বর্তমানের সালমানকে বলে ওঠেন, "আমি কি বিষয়টা ভালবেসে বা থাপ্পড় মেরে বোঝাব?" এই বক্তব্য শুনেই বিস্ফারিত চোখে তাকান সালমান। কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে তৈরি সেই বৃদ্ধ সালমান জানান, তিনি এই মুহূর্তে 'বিগবস ৩৮'-এর সঞ্চালনা করছেন। অবাক হয়ে ভাইজান নিজের বৃদ্ধ সত্তাকে প্রশ্ন করেন, "তখনও কি 'বিগবস'-এর অস্তিত্ব থাকবে?"

উল্লেখ্য, সালমান বর্তমানে 'বিগবস ১৮'-র শুটিং নিয়ে ব্যস্ত। ২০১০ সাল থেকে এই রিয়্যালিটি শোয়ের সঞ্চালনা করছেন অভিনেতা। ৬ অক্টোবর থেকে শুরু হচ্ছে ছোট পর্দার এই অনুষ্ঠান।



# অ্যাঞ্জেলিনা জোলির শখের গাড়ি নিলামে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হলিউড তারকা অ্যাঞ্জেলিনা জোলি এবার নিজের সংগ্রহে থাকা ভিনটেজ ১৯৫৮ ফেরারি গাড়িটি নিলামে তুলতে যাচ্ছেন। নিলামের জন্য ক্রিস্টি'স অকশন হাউজকে বেছে নিয়েছেন জোলি। আগামী মাসে প্যারিসে হবে এই নিলাম।

নিলাম প্রতিষ্ঠানটির পক্ষ থেকে এটিকে 'এক্সেপশনাল সেল' বলা হচ্ছে। গাড়িটি ১৪, ১৬ এবং ২০ নভেম্বর ক্রিস্টি'সের প্যারিস শো রুমে রাখা হবে সর্বসাধারণের দেখার জন্য। এরপরেই নিলামে উঠবে এই গাড়ি। আগামী ২০ নভেম্বর বসবে নিলামের আসর। ১৯৫২ সাল থেকে ১৯৬৪ সাল পর্যন্ত গাড়িটি বাজারে পাওয়া যেত। সেই সময়ে এই গাড়িটিতে ছিল একাধিক আধুনিক সুবিধা। ১২-সিলিন্ডার, ২৪০-হর্স-পাওয়ারের ইঞ্জিনের ১৯৫৮ ফেরারি ২৫০ জিটি গাড়িটি বাংলাদেশের মুদ্রায় প্রায় ৮ কোটি থেকে সাড়ে দশ কোটি টাকায় বিক্রি হতে পারে। তবে অ্যাঞ্জেলিনা জোলি কেন তার গাড়িটি নিলামে তুলতে যাচ্ছেন সে বিষয়ে এখনো কিছু জানা যায়নি। অভিনেত্রীর ভক্তদের ধারণা ব্যক্তিজীবন নিয়ে হতাশ হয়েই হয়তো এমন করছেন অভিনেত্রী।

# কাউন্টারে বসে ছবির টিকিট বিক্রি করলেন দেব-সৃজিত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আসছে ৮ অক্টোবর, প্রেক্ষাগৃহে মুক্তি পেতে যাচ্ছে টলিউডের তারকা অভিনেতা দেব অভিনীত সিনেমা 'টেক্কা'। কাহিনী নির্ভর এ সিনেমায় নিজের জাত চিনিয়েছেন একসময়কার বাণিজ্যিক সিনেমার তারকা দেব। ছবিটি নির্মাণ করেছেন সৃজিত মুখার্জি। প্রযোজনায় দেব এন্টারটেইনমেন্ট ভেঞ্চার্স লিমিটেড।

সিনেমা মুক্তির আগে হঠাৎ সংবাদের শিরোনাম হলেন দেব ও সৃজিত। দুইজনে প্রেক্ষাগৃহের কাউন্টারে বসে বিক্রি করলেন ছবির টিকিট।


৫ অক্টোবর বারুইপুরের এসফিএফ সিনেমা হলে গিয়ে হাজির হন দেব এবং সৃজিত। এরপর কাউন্টারে বসে নিজেরাই টিকিট বিক্রি করলেন দর্শকদের মাঝে। তাদের দেখতেও বহু মানুষ ভিড় জমান।

চা খেতে খেতে, আড্ডা দেওয়ার সঙ্গেই মজা করে কাজ করেন তারা দুজন। কখনও দেব, কখনও সৃজিত নিজের হাতে টিকিট বিক্রি করেন। বাদ দেননি অটোগ্রাফ দিতে। সেলফিও তোলেন। এক অনুরাগী তো দেবকে এত কাছ থেকে দেখে রীতিমতো ঝরঝর করে কেঁদে ফেলেন। কেউ কেউ আবার টিকিট কাটার আগেই অটোগ্রাফ চাইতে শুরু করেন।

বর্তমানে টেক্কার গোটা টিম জমিয়ে প্রচার করছেন। সাক্ষাৎকার তো আছেই, ফেসবুক লাইভসহ বিভিন্ন জায়গায় গিয়ে দর্শকদের সঙ্গে সোজাসুজি কথা বলে সংযোগ তৈরি করছেন তারা। করছেন ছবির প্রচার। শনিবার ৬ অক্টোবর তারা গ্লোব সিনেমায় যাবেন। সেখানেই তাদের হাত ধরে নতুন করে পথ চলা শুরু হবে এই সিনেমা হলের।

সৃজিতের দক্ষতায় এবং দেবের অভিনয়ে 'টেক্কা' যে এক নতুন স্বাদ নিয়ে আসবে, তা নিশ্চিত করা বলা হয়। ছবিটিতে দেবকে একজন সাফাইকর্মীর চরিত্রে দেখা যাবে। তার চরিত্রের নাম ইকলাখ। অন্যদিকে এই ছবিতে একজন পুলিশ অফিসারের চরিত্রে ধরা দেবেন রুক্মিণী মৈত্র। ইরার চরিত্রে থাকবেন স্বস্তিকা। তাকে একজন সাংবাদিকের চরিত্রে দেখা যাবে। অন্যান্য চরিত্রে থাকবেন সৃজা দত্ত, দেবদান আরিয়ান ভৌমিক প্রমুখ।

## ভালভার্দে-ভিনি নৈপুণ্যে
# রিয়ালের জয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মাদ্রিদ ডার্বিতে পয়েন্ট হারানোর পর আগের ম্যাচে বড় হোঁচট খেয়েছিল রিয়াল মাদ্রিদ। উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে লিলের কাছে অপ্রত্যাশিতভাবে হেরে যায় দলটি। যা ছিল সব ধরনের প্রতিযোগিত মিলিয়ে ৩৬ ম্যাচ পর মাদ্রিদের হার। কঠিন সপ্তাহ অবশ্য দাপুটে জয়ে পেছনে ফেলেছে কার্লো আনচেলত্তির শিষ্যরা।

লা লিগায় শনিবার রাতে ভিয়ারিয়ালকে ২-০ গোলে হারিয়েছে মাদ্রিদ।প্রথমার্ধে ফেদে ভালভার্দের গোলে এগিয়ে যায় রিয়াল। দ্বিতীয়ার্ধে লস ব্লাঙ্কোদের হয়ে ব্যবধান দ্বিগুণ করেন ভিনিসিউস জুনিয়র।

এই জয়ে পয়েন্টের দিক দিয়ে বার্সেলোনাকে ছুঁয়ে ফেলেছে রিয়াল মাদ্রিদ। গোল ব্যবধানে পিছিয়ে দুইয়ে থাকা রিয়াল অবশ্য একটি ম্যাচ বেশি খেলেছে।

ঘরের মাঠে বলের দখলে এগিয়ে থাকা রিয়াল পুরো ম্যাচে ১১টি শট নিয়ে মাত্র ২টি লক্ষ্যে রাখতে পেরেছে। তবে তাতেই শতভাগ সাফল্য পেয়েছে তারা।

ঘরের মাঠ সান্তিয়াগো বার্নাব্যুতে শুরুতেই মাদ্রিদকে এগিয়ে নেন ফেদে ভালবার্দে। ১৪ মিনিটে তার করা গোলে লিড নেয় লস ব্লাংকোরা। লুকা মদ্রিচের ক্রস থেকে পাওয়া বল জালে জড়ান তিনি। প্রথমার্ধে আরও কয়েকটি আক্রমণ করলেও শেষ পর্যন্ত একটি গোল নিয়েই বিরতিতে যায় মাদ্রিদ।

দ্বিতীয়ার্ধেও আক্রমণের ধারা অব্যাহত রাখে আনচেলেত্তির দল। তবে, ভাঙতে পারেনি ভিয়ারিয়ালের গোল মুখ। অবশেষে ৭৩ মিনিটে দ্বিতীয় গোলটি করেন ভিনিসিয়াস জুনিয়র। দুরপাল্লার জোরালো শটে বল জালে জড়ান তিনি। মাদ্রিদ পায় দুই গোলের লিড।

২-০ গোলে জেতা ম্যাচটিতে শেষ দিকে চোটে পড়েন দানি কার্ভাহাল। অভিজ্ঞ ডিফেন্ডার ম্যাচের শেষ দিকে একটি বল ক্লিয়ার করতে গিয়ে পায়ে আঘাত পান। পরে তাকে স্ট্রেচারে করে মাঠ থেকে নিয়ে যাওয়া হয়। ম্যাচের পর মাদ্রিদ কোচ আনচেলত্তি জানান, কার্ভাহালের সঙ্গে যা হয়েছে, তা নিয়ে ড্রেসিংরুমে সবাই চিন্তিত। জয়ের আনন্দটা নেই। এ জয়ে ৯ ম্যাচে ছয়টি জয় ও তিন ড্রয়ে ২১ পয়েন্ট মাদ্রিদের। তারা ছুঁয়েছে সমান ২১ পয়েন্ট পেয়ে শীর্ষে থাকা বার্সেলোনাকে। বার্সা অবশ্য একটি ম্যাচ কম খেলেছে।

# উইন্ডিজ দলে তিন নতুন মুখ



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** শ্রীলঙ্কা সফরের জন্য ওয়ানডে ও টি-টোয়েন্টি দল ঘোষণা করেছে ওয়েস্ট ইন্ডিজ। ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগে (সিপিএল) আলো ছড়িয়ে প্রথমবার টি-টোয়েন্টি দলে ডাক পেয়েছেন দুই পেস বোলিং অলরাউন্ডার টেরেন্স হিন্ডস ও শামার স্প্রিঙ্গার। ওয়ানডে দলে ডাক পেয়েছেন ১৭ বছর বয়সী জুয়েল অ্যান্ড্রু।

শ্রীলঙ্কা সফরে তিনটি করে ওয়ানডে ও টি-টোয়েন্টি খেলবে ওয়েস্ট ইন্ডিজ। এজন্য শনিবার দুই সিরিজের আলাদা স্কোয়াড একসঙ্গে ঘোষণা করে তারা।

ব্যক্তিগত কারণ দেখিয়ে টি-টোয়েন্টি দল থেকে সরে দাঁড়িয়েছেন আন্দ্রে রাসেল, নিকোলাস পুরান, শিমরন হেটমায়ার ও আকিল হোসেন। ঘরের মাঠে বিশ্বকাপ শেষে দক্ষিণ আফ্রিকা সিরিজও খেলেননি রাসেল।

দলে ফিরেছেন এভিন লুইস। ওয়ানডে দলেও ডাক পেয়েছেন ২০২১ সালে সবশেষ একদিনের আন্তর্জাতিক ম্যাচ খেলা বাঁহাতি ওপেনার।

গত বিশ্বকাপের মাঝপথে পাওয়া চোটে ছিটকে যাওয়া ব্র্যান্ডন কিং ফিরেছেন দলে। দুই সিরিজ পর টি-টোয়েন্টির দলে ডাক পেয়েছেন আরেক ওপেনার আন্দ্রে ফ্লেচার। সিপিএলে ১৫৬ স্ট্রাইক রেটে এখন পর্যন্ত তৃতীয় সর্বোচ্চ ৪৪৫ রান করা জনসন চার্লসের জায়গা হয়নি।

রাসেলের অভাব পূরণে তার ত্রিনবাগো নাইট রাইডার্স সতীর্থ হিন্ডস ও অ্যান্টিগা এন্ড বারবুডা ফ্যালকনসের স্প্রিঙ্গারকে নেওয়া হয়েছে দলে। সিপিএলে বেশিরভাগ সময় শেষ দিকে বোলিং করে ৯ ম্যাচে ১২ উইকেট নেন হিন্ডস। আর গতির বৈচিত্রে নজর কাড়েন ২৬ বছর বয়সী স্প্রিঙ্গার।

টি-টোয়েন্টি দলের নেতৃত্বে থাকছেন রভম্যান পাওয়েলই। তার ডেপুটি রোস্টন চেইসকে সামলাতে হবে স্পিন বিভাগের বড় দায়িত্ব। গুডাকেশ মোটি ছাড়া দলে নেই কোনো বিশেষজ্ঞ স্পিনার। চেইসের সঙ্গে স্পিন অলরাউন্ডার হিসেবে আছেন ফাবিয়ান অ্যালেন।

ওয়ানডে দলে বড় চমক জুয়েল। শ্রীলঙ্কা সফরে অভিষেক হলে ওয়ানডেতে ওয়েস্ট ইন্ডিজের কনিষ্ঠতম ক্রিকেটার হবেন তিনি। সব মিলিয়ে আন্তর্জাতিক ক্রিকেটে ক্যারিবিয়ানদের হয়ে ১৭ বছর বয়সে অভিষেক হওয়া ক্রিকেটার মাত্র দুজন।

স্বীকৃত ক্রিকেটে এখন পর্যন্ত ৩টি লিস্ট 'এ' ও সিপিএলে ৭টি টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন জুয়েল। এরই মধ্যে তিনি গড়েছেন সর্বকনিষ্ঠ ক্রিকেটার হিসেবে সিপিএল খেলার রেকর্ড।

অ্যান্টিগা এন্ড বারবুডা ফ্যালকন্সের হয়ে সিপিএল অভিষেকে আনরিক নরকিয়া, তাব্রেইজ শামসির মতো বোলারদের সামলে মাত্র ৩০ বলে ফিফটি করে স্যার ভিভ রিচার্ডস, ইয়ান বিশপ, শিবনারাইন চন্দরপলের মতো গ্রেটদের নজর কাড়েন জুয়েল।

ওয়ানডের নেতৃত্বে শেই হোপ। এই দলে বিশেষজ্ঞ স্পিনার দুজন। মোটির সঙ্গে রাখা হয়েছে লেগ স্পিনার হেইডেন ওয়ালশ জুনিয়রকে। এছাড়া প্রয়োজনে হাত ঘোরাতে পারেন কেসি কার্টি, আলিক আথানেজরা।

পাল্লেকেলেতে ওয়ানডে সিরিজের তিন ম্যাচ যথাক্রমে ২০, ২৩ ও ২৬ অক্টোবর।

ওয়েস্ট ইন্ডিজ টি-টোয়েন্টি স্কোয়াড: রভম্যান পাওয়েল (অধিনায়ক), রোস্টন চেইস (সহ-অধিনায়ক), ফাবিয়ান অ্যালেন, আলিক আথানেজ, আন্দ্রে ফ্লেচার, টেরেন্স হিন্ডস, শেই হোপ, আলজারি জোসেফ, শামার জোসেফ, ব্র্যান্ডন কিং, এভিন লুইস, গুডাকেশ মোটি, শেরফেইন রাদারফোর্ড, রোমারিও শেফার্ড, শামার স্প্রিঙ্গার।

ওয়েস্ট ইন্ডিজ ওয়ানডে স্কোয়াড: শেই হোপ (অধিনায়ক), আলজারি জোসেফ (সহ-অধিনায়ক), জুয়েল অ্যান্ড্রু, আলিক আথানেজ, কেসি কার্টি, রোস্টন চেইস, ম্যাথু ফোর্ড, শামার জোসেফ, ব্র্যান্ডন কিং, এভিন লুইস, গুডাকেশ মোটি, শেরফেইন রাদারফোর্ড, জেডেন সিলস, রোমারিও শেফার্ড, হেইডেন ওয়ালশ জুনিয়র।

# পিছিয়ে পড়েও জিতল ম্যানসিটি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইংলিশ প্রিমিয়ার লিগে ফুলহামকে ৩-২ গোলে হারিয়েছে ম্যানচেস্টার সিটি। ঘরের মাঠে এ নিয়ে ৫০ ম্যাচে অপরাজিত রইলো সিটি।

৫ অক্টোবর ইতিহাদ স্টেডিয়ামে শুরুতে পিছিয়ে পড়ে স্বাগতিক ম্যানসিটি। যদিও দাপুটে পারফর্ম করেই ম্যাচ শুরু করেছিল পেপ গার্দিওলার শিষ্যরা। অতিথি দলের সমর্থকদের স্তব্ধ করে ২৬ মিনিটে আদ্রিয়েস পেরেইরার গোলে ১-০ ব্যবধানে এগিয়ে যায় ফুলহাম।

৬ মিনিট পর সমতায় ফেরে সিটি। ৩২ মিনিটে স্বাগতিক দলের কর্নার ক্লিয়ার করতে ব্যর্থ হয় ফুলহাম। বল পেয়ে যান সিটির ক্রোয়েশিয়ান মিডফিল্ডার মেটিও কোভাসিক। পায়ে একবার বল স্পর্শ করেই দুর্দান্ত শটে ফুলহামের জাল কাঁপান তিনি।

বিরতি থেকে এসেই দ্বিতীয় গোল করেন কোভাসিক। সিটির শতশত সমর্থক তখনো নিজেদের আসনে ভালোমতো বসেনসি। ৪৭ মিনিটে ক্রোয়েশিয়া তারকার গোলে ২-১ ব্যবধানে এগিয়ে যায় সিটি। চলতি মৌসুমে প্রিমিয়ার লিগে এটি তার তৃতীয় গোল। জ্যাক গ্রিলিশের পাস থেকে গোলটি করেন কোভাসিক।

৮২ মিনিটে জেরেমি ডকুর রকেট শটে ৩-১ গোলে এগিয়ে যায় সিটি। ৬ মিনিট পর আরও একটি গোল করে ফুলহাম। ১৫ গজ দূর থেকে দারুণ শটে সিটির জালে বল জমা করেন ফুলহামের রদ্রিগো মুনিজ। এতে ম্যাচের ফলাফল দাঁড়ায় ৩-২। এই ব্যবধানেই খেলা শেষ করে দুইদল। সিটির মাঠে পয়েন্টে ভাগ বসাতে না পেরে দারুণ হতাশ হয় ফুলহাম।

জমজমাট ম্যাচ জিতে টেবিলের দ্বিতীয় স্থান ধরে রেখেছে সিটি। ৭ ম্যাচে তাদের পয়েন্ট ১৭। সমান ম্যাচে আর্সেনালের ঝুলিতেও আছে ১৭ পয়েন্ট। একই সমান ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে লিভারপুল।

## ইতিহাস গড়ার
# আরও কাছে মায়ামি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মেজর লিগ সকারের (এমএলএস) ইতিহাসে এক মৌসুমে সর্বোচ্চ পয়েন্ট অর্জনের রেকর্ড নিজেদের করে নেওয়া থেকে আর মাত্র এক জয় দূরে ইন্টার মায়ামি। টরেন্টো এফসির বিপক্ষে পাওয়া নাটকীয় জয় লিওনেল মেসি-লুইস সুয়ারেজদের সামনে এই সুযোগ এনে দিয়েছে।

রাতে টরেন্টোকে তাদেরই মাঠে ১-০ গোলে হারায় মায়ামি। ম্যাচের যোগ করা সময়ে গোলটি করেন লিওনার্দো কাম্পানা।

মায়ামির শুরুর একাদশে ছিলেন না বার্সেলোনার চার সাবেক সতীর্থ মেসি, লুইস সুয়ারেজ, সের্হিও বুসকেতস ও জর্দি আলবা। টরেন্টোর শুরুর একাদশেও ছিলেন না তাদের দুই তারকা খেলোয়াড় লরেন্সো ইনসিনিয়ে ও ফেদেরিকো বের্নাদেস্কি। ম্যাচ জুড়ে আক্রমণে ভুগতে হয়েছে দুই দলকেই।

দ্বিতীয়ার্ধে মেসি, সুয়ারেজ ও বুসকেতসকে বদলি নামায় মায়ামি, ইনসিনিয়েকে টরেন্টো। বের্নাদেস্কি নিষেধাজ্ঞায়। এরপর কিছুটা সুযোগ তৈরি করে দুই দল।

বল দখলে মায়ামি এগিয়ে থাকলেও সুযোগ তৈরিতে এগিয়ে ছিল টরেন্টো। মায়ামি স্রেফ চারটি শটের দুটি লক্ষ্যে রাখতে পারে। বিপরীতে ১৫টি শটের ৬টি লক্ষ্যে রাখে স্বাগতিকরা।

মেসি ও বুসকেতস তৈরি করেন সুযোগ। শেষ পর্যন্ত ৯৩তম মিনিটে আসে সেই কাঙ্ক্ষিত ক্ষণ। সুয়ারেজের ক্রস থেকে গোলটি করেন কাম্পানা। তাতেই বেঁচে থাকে মায়ামির রেকর্ড গড়ার সুযোগ।

২০২১ আসরে এমএলএসে ৭২ পয়েন্ট অর্জনের রেকর্ড গড়ে নিউ ইংল্যান্ড রেভুল্যুশন। আগামী রোববার বাংলাদেশ সময় ভোর ৪টায় এই রেভুল্যুশনকে হারিয়েই রেকর্ডটি নিজেদের করে নেওয়ার সুযোগ জেরার্দো মার্তিনোর দলের সামনে।

৩৩ ম্যাচে ২১ জয় ও ৮ ড্রয়ে ৭১ পয়েন্ট নিয়ে ইতোমধ্যে সাপোর্টার্স শিল্ড শিরোপা নিশ্চিত করেছে মায়ামি।

# ফের নাসেরের জয়ের নায়ক রোনালদো-মানে



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** সউদী লীগের দুর্দান্তভাবে শুরু করেছেন ক্রিশ্চিয়ানো রোনালদো ও সাদিও মানে।একের পর এক ম্যাচে গোল করেই চলেছেন আল নাসেরের এই দুই বর্ষীয়ান তারকা। আর তাতে নাসেরও ছুটছে অপ্রতিরোধ্য গতিতে।মানে-রোনালদো নৈপুন্যে শনিবার আরও একটি সহজ জয় পেয়েছে দলটি।

আল আওয়ার পার্কে সউদী প্রো লীগের ম্যাচে নবাগত আল ওরবাহকে ৩-০ ০ ব্যবধানে হারিয়েছে লুইস কাস্ত্রোর দল।রোনালদোর দলকে এগিয়ে নেওয়ার পর জোড়া গোল করেন সাদিও মানে।

লীগে প্রথমবারের মতো সুযোগ পাওয়া ওরবাহ এদিন শুরুটা ভালোই করেছিল।প্রথম ১৫ মিনিট শক্তিশালী নাসেরকে রক্ষণে আটকে রাখলেও দলের মিডফিল্ডার জিন মাইকেল সিরির ডি-বক্সে হ্যান্ডবল করলে পাল্টে যায় চিত্র।পেনাল্টির বাশি বাজান রেফারি। স্পটকিক থেকে আরও একবার অব্যর্থ রোনালদো। ২৯ তম মিনিটে তার অ্যাসিস্টেই দলের দ্বিতীয় গোল করেন মানে।

২-০ গোলে এগিয়ে থাকা নাসের ৭১ তম মিনিটে ফের এগিয়ে যায় এই সেনেগাল তারকার সৌজন্যে।আল খাইবারির বাড়ানো নিখুঁত ক্রসে জাল খুঁজে নেন মানে।

এই জয়ে ৬ ম্যাচ থেকে ১৪ পয়েন্ট নিয়ে লীগ টেবিল চতুর্থ স্থানে আছে নাসের।সমান সংখ্যাক ম্যাচ থেকে পূর্ণ ১৮ পয়েন্ট নিয়ে সবার উপরে আছে নেইমারের আল হিলাল।

# দাদা-বাবার পর এবার নাতি মালদিনি!



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ইতালি জাতীয় দলে ডাক পেয়েছেন দানিয়েল মালদিনি। এ মাসের উয়েফা নেশনস লিগের দুটি ম্যাচের জন্য ঘোষিত ইতালি দলে সুযোগ পেলেন কিংবদন্তি ডিফেন্ডার পাওলো মালদিনির ছেলে দানিয়েল। বেলজিয়াম ও ইসরাইলের বিপক্ষে দুটি ম্যাচ খেলবে ইতালি। তাতে ইতালির কোচ লুসিয়ানো স্পালেত্তি যদি সিরি 'আ' ক্লাব মোনৎসার অ্যাটাকিং মিডফিল্ডার দানিয়েলকে মাঠে নামান তবে ইতালি জাতীয় দলে মালদিনি পরিবারের তৃতীয় প্রজন্মের প্রতিনিধি হয়ে যাবেন। দানিয়েলে বাবা পাওলো মালদিনির আগে তার দাদা সিজারে মালদিনিও খেলেছেন ইতালির জাতীয় দলে।

২২ বছর বয়সী দানিয়েল ভালো খেলার স্বীকৃতিই পেলেন জাতীয় দলে ডাক পেয়ে। এ বছরের জানুয়ারিতে বাপ-দাদার ক্লাব এসি মিলান থেকে ধারে মোনৎসায় যাওয়ার পর থেকেই দুর্দান্ত ফর্মে আছেন দানিয়েল। পরে তাঁকে পাকাপাকিভাবেই কিনে নিয়েছে মোনৎসা। দানিয়েলের বাবা পাওলো ইতালির জাতীয় দলের হয়ে ১৯৮৪ থেকে ২০০৯ সালের মধ্যে ১২৬টি ম্যাচ খেলেছেন। একসময় ইতালির হয়ে সবচেয়ে বেশি ম্যাচ খেলার রেকর্ড ছিল এটিই। পর ফাবিও ক্যানাভারো ও জিয়ানলুইজি বুফন ছাড়িয়ে গেছেন তাঁকে। সিজারে মালদিনির আন্তর্জাতিক ক্যারিয়ার অবশ্য অতটা লম্বা নয়। ১৯৬০- এর দশকে জাতীয় দলে ১৪টি ম্যাচ খেলেন সিজারে।

স্পালেত্তি দানিয়েল মালদিনিকে ছাড়াও আরও তিন নতুন মুখকে ডেকেছেন দলে। তারা হলেন জুভেন্টাসের গোলরক্ষক মিশেল দি গ্রেগরিও, রোমার মিডফিল্ডার নিকোলো পিসিল্লি ও এসি মিলানের সেন্টারব্যাক মাত্তেও গাব্বিয়া। এঁদের মধ্যে গাব্বিয়া সর্বশেষ মিলান ডার্বিতে এসি মিলানের জয়সূচক গোলটি করেছেন। ২ ম্যাচে ৬ পয়েন্ট নিয়ে নেশনস লিগে এ২ গ্রুপের শীর্ষে আছে ইতালি। দলটি ১০ অক্টোবর রোমে বেলজিয়াম ও ১৪ অক্টোবর উদিনে ইসরায়েলের বিপক্ষে খেলবে।

# শাস্তি কমলো পগবার, নিষেধাজ্ঞা এখন ১৮ মাস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বড় সুখবরই পেলেন ফ্রান্সের তারকা ফুটবলার পল পগবা। নিষিদ্ধঘোষিত মাদক গ্রহণের দায়ে গত ফেব্রুয়ারিতে পেয়েছিলেন চার বছরের নিষেধাজ্ঞা। জাতীয় দলসহ সব ধরনের ফুটবল থেকেই ছিটকে যান তিনি। তবে আপিলের পর সেই শাস্ত কমে গেছে ১৮ মাস। বিট্রিশ সংবাদমাধ্যম বিবিসি জানিয়েছে, ৩১ বছর বয়সী এই মিডফিল্ডার আগামী বছর জানুয়ারি থেকে অনুশীলন করতে পারবেন এবং প্রতিযোগিতামূলক খেলায় ফিরতে পারবেন ১১ মার্চ থেকে।

জুভেন্টাসের হয়ে তার চুক্তির মেয়াদও আছে ২০২৬ সাল পর্যন্ত। ২০২৩ সালের আগস্টে টেস্টোস্টেরন পরীক্ষায় পজিটিভ হন পগবা। সেদিন ছিল জুভেন্টাস-উদিনিসে ম্যাচ। এই ডোপ বিরোধী আইন ভাঙায় প্রাথমিকভাবে সেপ্টেম্বরে নিষিদ্ধ হয়েছিলেন। তার পর একই বছর ইতালির অ্যান্টি ডোপিং ট্রাইব্যুনাল কর্তৃক পরের ফেব্রুয়ারিতে চার বছরের জন্য নিষিদ্ধ হন তিনি। পরে তার আইনজীবীরা জানান, ওই উপাদান আসলে ফুড সাপ্লিমেন্টের মাধ্যমে পগবার রক্তে এসেছে।

শাস্তি কমার খবরে বিবৃতি দিয়ে পগবা বলেছেন, 'অবশেষ দুঃস্বপ্ন শেষ হলো। আমি সেই দিনের অপেক্ষায় আছি, যেদিন থেকে আবার নিজের স্বপ্নের পথে চলা শুরু করতে পারব।' বিবৃতিতে পগবা আরও বলেছেন, 'সব সময় বলে এসেছি, আমি জ্ঞানত অ্যান্টিডোপিং এজেন্সির নিয়ম ভঙ্গ করিনি। আমি যখন ডাক্তার দ্বারা নির্ধারিত পুষ্টিকর সাপ্লিমেন্ট গ্রহণ করি, সেটি পুরুষ অ্যাথলেটদের কর্মক্ষমতাকে প্রভাবিত করে না বা বাড়ায় না।'

খেলার প্রতি সব সময় সৎ থাকার কথা বললেও এ ঘটনায় দায় এড়ানোর সুযোগ নেই বলেও মন্তব্য করেছেন পগবা। তিনি বলেন, 'এটা আমার জীবনের অত্যন্ত কষ্টদায়ক সময় ছিল। কারণ, আমি যে কাজের জন্য এত পরিশ্রম করেছি, সেটি থামিয়ে দেওয়া হয়েছিল।'

২০১৮ সালে ফ্রান্সের হয়ে বিশ্বকাপ জেতা পগবা জুভেন্টাসের হয়ে খেলছিলেন ২০২২ সাল থেকে। ক্লাবটির হয়ে খেলার জন্য ২০২৬ সাল পর্যন্ত চুক্তি ছিল। তবে চার বছরের নিষেধাজ্ঞার পর তার আবার ফুটবলে ফিরে আসার সম্ভাবনাও একরকম শেষ হয়ে যায়। শুধু তাই নয় ২০২৬ বিশ্বকাপে খেলার সম্ভাবনাও শেষ হয়ে গিয়েছিল। কিন্তু শাস্তি কমানোর ঘোষণায় স্বপ্ন দেখতে শুরু করেছেন এই মিডফিল্ডার।

█ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত █ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
█ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 █ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR